Dhaka Commerce College

DHAKA COMMERCE COLLEGE JOURNAL

ISSN 2220-3303

VOL. XII, NO. 1: DECEMBER 2020

DHAKA COMMERCE COLLEGE JOURNAL

VOL. XII, NO. 1 : DECEMBER 2020

Dhaka Commerce College

DHAKA COMMERCE COLLEGE JOURNAL

VOLUME XII, NO. I, DECEMBER 2020
ISSN 2220-3303

Dhaka Commerce College
Mirpur, Dhaka 1216, Bangladesh
Tel: 88-02-48033903, 48036942, 48037357
Email: dccjournal@gmail.com
Web: www.dcc.edu.bd

DHAKA COMMERCE COLLEGE JOURNAL

VOLUME XII, NO. I, DECEMBER 2020

Published by
Editor
Dhaka Commerce College Journal
Dhaka Commerce College

Date of Publication
31 December 2021

Editorial and Business Office
Office of the Editor of DCCJ
Dhaka Commerce College
Mirpur, Dhaka 1216, Bangladesh
Tel: 88-02-48033903, 48036942, 48037357
Email: dccjournal@gmail.com
Web: www.dcc.edu.bd

Copyright
After the acceptance of the articles for publication in Dhaka Commerce College Journal, the copyright will be reserved by Dhaka Commerce College.

Cover Design
Md. Geas Uddin

Printed by
Century Printing Press & Graphics
2, Salemuddin Bhaban
Mirpur 1, Dhaka 1216

Price: BDT 400.00
US$ 7.00

DHAKA COMMERCE COLLEGE JOURNAL

VOLUME XII, NO. I, DECEMBER 2020

EDITORIAL BOARD

ADVISERS

Professor Dr. Shafique Ahmed Siddique
Chairman, Governing Body, Dhaka Commerce College & BUBT Trust
Professor Md. Abu Saleh
Member, Governing Body, Dhaka Commerce College & BUBT Trust
Professor Kazi Md. Nurul Islam Faruky
Honourary Professor, Dhaka Commerce College
Professor Dr. Md. Abu Masud
Principal, Dhaka Commerce College
Professor Md. Wali Ullah
Vice Principal, Dhaka Commerce College
Professor Md. Shafiqul Islam
Adviser (Academic), Dhaka Commerce College

EDITOR

Md. Moinuddin Ahmed
Associate Professor, Dept. of English, Dhaka Commerce College

MEMBERS

Professor Dr. Md. Miraj Ali Akand
Chairman, Dept. of CSE, Dhaka Commerce College
Professor Dr. Kazi Fayz Ahamed
Director, MBA Programme, Dhaka Commerce College
Md. Shafiqul Islam
Associate Professor, Dept. of Marketing, Dhaka Commerce College
Md. Monsur Alam
Associate Professor, Dept. of English, Dhaka Commerce College
Dr. Shahela Alam
Assistant Professor & Chairman, Dept. of Biology, Dhaka Commerce College
Sharif Neaz
Assistant Professor & Chairman, Dept. of Chemistry, Dhaka Commerce College

DHAKA COMMERCE COLLEGE JOURNAL

VOLUME XII, NO. I, DECEMBER 2020

The views presented in the articles in Dhaka Commerce College Journal, Volume XII, No. 1, December 2020 are solely those of the authors, not of the editor or any member of the editorial board or the publisher.

CONTENTS

বাংলা প্রবাদ-প্রবচনে বাঙালি জীবন ও সংস্কৃতি 1-10
আবু নাঈম মো. মোজাম্মেল হোসেন

কালীপ্রসন্ন ঘোষ (১৮৪৩-১৯১০): জীবন ও সাহিত্যকর্ম 11-19
এস এম মেহেদী হাসান

সেলিম আল দীনের *যৈবতী কন্যার মন* : শিল্পসত্তার দ্বিবিধ রূপায়ন 20-31
ড. মীর মোহাম্মদ জহিরুল ইসলাম

CODE-SWITCHING AND DISTORTION OF BANGLA IN BANGLADESHI MEDIA 32-44
Mohammad Shafiqur Rahman
Md. Anisur Rahman

FALLACY OF LEARNING ENGLISH SENTENCES AT THE HIGHER SECONDARY LEVEL IN BANGLADESH 45-58
Muhammad Jakaria Faisal
Anupam Biswas

ARUNDHATI ROY'S REPRESENTATION OF OTHER: IDENTITY IN PATRIARCHY AND POST-COLONIAL PERIOD 59-67
Ratna Khanam

CRITICAL ASSESSMENT OF TWO MAJOR DEBACLES IN THE CAPITAL MARKET OF BANGLADESH 68-83
Mohammad Mosharef Hossain
Shuriya Parvin

PROBLEMS AND PROSPECTS OF SILK INDUSTRY IN BANGLADESH 84-94
Md. Mahfuzur Rahman
Ismat Ara Khatun

IMPACT OF CAPITAL STRUCTURE ON THE FINANCIAL PERFORMANCE OF THE LISTED CERAMIC COMPANIES OF DSE 95-109
Shahida Sharmin

NOTES FOR CONTRIBUTORS 110-118

বাংলা প্রবাদ-প্রবচনে বাঙালি জীবন ও সংস্কৃতি

* আবু নাঈম মো. মোজাম্মেল হোসেন

সারসংক্ষেপ

প্রবাদ-প্রবচন বাংলা ভাষার অমূল্য সম্পদ। প্রাগৈতিহাসিক কাল থেকেই মানুষ তার ভাষা কিংবা ভাবকে অপরের কাছে আকর্ষণীয় করে তুলতে প্রবাদ-প্রবচন ব্যবহার করে আসছে। আর প্রবাদ-প্রবচন মানব জীবনের অভিজ্ঞতালব্ধ সহজ, সরল, অর্থবহ এবং স্বল্প কথায় অভিব্যক্ত সত্যভাষণ। প্রবাদ-প্রবচনের মাধ্যমে বাক্‌প্রিয় বাংলাভাষী মানুষ তাদের বাক্‌পটুত্ব, প্রজ্ঞা আর রসবোধের পরিচয় দিয়েছে। এসব বাগ্‌বিধির ব্যবহারের মাধ্যমে যেমন ব্যক্তির মানসলোক মূর্ত হয়ে ওঠে, তেমনি সমকালীন সমাজ সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা পাওয়া যায়। প্রবাদ-প্রবচন সমকালীন সমাজের প্রতিনিধিত্ব করে। বাঙালির ব্যক্তিক, পারিবারিক, সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কর্মকাণ্ড এবং ধর্ম, ঐতিহ্য, সংস্কৃতি-সংস্কার, মিশ্র জাতিসত্তা, অসাম্প্রদায়িক চেতনা ও আচার-অনুষ্ঠানের চিত্র পাওয়া যায় প্রবাদ-প্রবচনে। তাই এ নিবন্ধে প্রবাদ-প্রবচনের উৎপত্তি-ব্যুৎপত্তি, ধ্বনি, অর্থ, বাক্যতত্ত্বীয় শ্রেণিবিন্যাস আর ভাষাসমাজতাত্ত্বিক শ্রেণিকরণ ও বিষয়বিন্যাস প্রভৃতি বিষয় বিশ্লেষণ করা হয়েছে। আর গবেষণার ক্ষেত্র হিসেবে বেছে নেয়া হয়েছে বাংলাদেশের গ্রামবাংলার বৃহৎ অঞ্চলকে।

মানব সভ্যতার ঊষালগ্ন থেকেই মানুষ ভাব প্রকাশের মাধ্যম হিসেব মুখনিঃসৃত বিচিত্র ধ্বনি ব্যবহার করেছে। মনের আনন্দ, প্রাণের আবেগ অবদমিত করতে না পেরে কথা বলেছে। কালক্রমে মানুষের মুখের কথাই ভাব বিনিময়ের শ্রেষ্ঠ মাধ্যম হিসেবে বিবেচিত হয়েছে। লেখার ইতিহাস সৃষ্টি হয়েছে আরও অনেক কাল পরে। সভ্যতার চরমলগ্নেও পৃথিবীর সকল মানুষ লিখতে পড়তে জানে না। কিন্তু বাগযন্ত্রের মাধ্যমে কথা বলে পৃথিবী নামক গ্রহের প্রায় সকলেই। মনের মাধুরী প্রকাশ করে মানুষ কখনো গুছিয়ে কথা বলে, কখনো ছন্দের গাঁথুনিতে, কখনো বাগাড়ম্বর সহযোগে। লক্ষণীয় যে, এ বাগাড়ম্বর যারা প্রকাশ করেছে কাগজে-কলমে তারা শিক্ষিত কবি, সাহিত্যিক আর কথাশিল্পী। আর যারা কথা বলে নিপুণ শব্দ প্রয়োগে তারা বেশির ভাগই নিরক্ষর, মাটিঘেঁষা সাধারণ মানুষ। শব্দ চয়নে, বাগভঙ্গিতে, রসবোধের সন্নিবেশে অশিক্ষিতরা যে প্রজ্ঞা ও পটুত্বের পরিচয় দিয়েছে, সাহিত্যের পরিভাষায় তা-ই প্রবাদ-প্রবচন নামে অভিহিত। তাই বাংলা ভাষা ও সাহিত্যে অনিবার্যভাবে বাগধারা ও প্রবাদ-প্রবচন ব্যবহৃত হয়ে আসছে।

'প্রবাদ' শব্দের ব্যুৎপত্তি প্র+বাদ (বদ্+অ), 'প্র' মানে প্রকৃষ্ট বাদ, বাক্য বা উক্তি। 'প্রবাদ' শব্দের আক্ষরিক অর্থ পরম্পরাগত উক্তি বা বহুকাল থেকে প্রচলিত উপদেশমূলক জ্ঞানগর্ভ উক্তি বা জনশ্রুতি। আর প্রবাদের পারিভাষিক অর্থ– যে সকল বাক্য যুগ যুগ ধরে লোকজীবনের সঞ্চিত অভিজ্ঞতার সংক্ষিপ্ত ও সরস বাণীরূপ হিসেবে প্রচলিত হয়ে আসছে সে সকল সহজ-সরল অথচ তীর্যক বাক্যই প্রবাদ। প্রবাদের অর্থ যেমন ব্যঞ্জনাময়, তেমনি সংজ্ঞাও বহুমাত্রিক। প্রবাদ সম্পর্কে ওয়াকিল আহমদ এর অভিমত :

> যেসব প্রাজ্ঞ উক্তি লোকপরম্পরায় জনশ্রুতিমূলকভাবে চলে আসছে তা-ই প্রবাদ। প্রবাদ পাথরের নুড়ির মতো, সমাজমানসে জন্ম নিয়ে জীবন স্রোতে অনেক পথ পরিক্রম করে একটি নিটোল অবয়ব লাভ করে। এর পর তা আর ভাঙে না বা ক্ষয়প্রাপ্ত হয় না।[১]

*** আবু নাঈম মো. মোজাম্মেল হোসেন**
সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা কমার্স কলেজ

সুবলচন্দ্র মিত্রের মতে :

> প্রবাদ-প্রবচন বহু কালগত জনসাধারণের মধ্যে প্রচলিত বাক্য। পুরাতন বলিয়া বা পুনঃ পুনঃ ব্যবহৃত হইলেও উহার রসহানি ঘটে না। এটিই উহার বিশেষত্ব। প্রবাদ-প্রবচন জাতির অভিজ্ঞতার অভিব্যক্তি। উহার রচনাকাল বা রচয়িতার নাম নির্দেশ করা সহজ নহে।[২]

প্রবাদ সম্পর্কে আর্চার টেইলরের উক্তিটিও প্রণিধানযোগ্য :

> A proverb is a terse didactic statement that is current in tradition or, as epigram says, the wisdom of many and the wit of one.[৩]

প্রবাদ হলো ঐতিহ্যাশ্রিত নীতিশিক্ষামূলক নিটোল উক্তি, প্রবাদে একের জ্ঞান ও বহুর বুদ্ধি নিহিত আছে।

> প্রবাদের দ্বিমাত্রিক অর্থ– একটি আক্ষরিক বা বাহ্যিক, অপরটি ব্যঞ্জনার্থ বা গূঢ়ার্থ। তবে প্রবাদ আক্ষরিক অর্থ কখনোই বহন করে না। আক্ষরিক অর্থে প্রবাদ অবাস্তব ও অসার হয়ে পড়ে। গূঢ়ার্থেই প্রবাদের ব্যবহার হয়ে থাকে। ব্যঞ্জনার্থে প্রবাদ শাণিত থাকে এবং চিরায়ত রূপ লাভ করে।[৪]

ক. 'ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে।' আক্ষরিক অর্থে ঢেঁকি আজ বিলুপ্তপ্রায় বস্তু। আধুনিক প্রজন্মের অনেকেই এ বস্তুটির সাথে পরিচিত নয়। গ্রামবাংলার নতুন প্রজন্মকে তা দেখার জন্য জাদুঘরে নিয়ে যেতে হবে। কিন্তু দৈনন্দিন বাক্যালাপে, পত্র-পত্রিকায়, সাহিত্যে এটি ব্যবহৃত হয় ব্যঞ্জনার্থে। অর্থাৎ অদৃষ্ট সঙ্গে সঙ্গে যায় বা অভ্যস্ত ব্যক্তি সবখানেই নিজ কাজ করতে চায়।
খ. 'ঢিলটি মারলে পাটকেলটি খেতে হয়।' কালের বিবর্তনে আমাদের হাতের কাছে ঢিলও থাকে না, পাটকেলটিও পাওয়া যায় না। তবে প্রবাদটি আসলে ব্যবহৃত হয় ব্যঞ্জনার্থে। অর্থাৎ অন্যের অনিষ্ট করলে পাল্টা সে বেশি ক্ষতি করতে পারে।
গ. 'অতি লোভে তাঁতি নষ্ট।' কলকারখানার প্রভাবে তাঁতশিল্প ও তাঁতি সচরাচর দেখা যায় না। তবে হরহামেশাই প্রবাদটির ব্যবহার দেখা যায়। এর আক্ষরিক অর্থ ছাড়িয়ে এটি ব্যবহৃত হয় ব্যঞ্জনার্থে। অর্থাৎ অতিরিক্ত লাভের লোভ করলে মূলধন পর্যন্ত হারাতে হয়।

প্রবাদের উৎস

প্রবাদের উৎপত্তির ইতিহাস নির্ধারণ করা যায় না। উৎস অনুযায়ী প্রবাদকে দুশ্রেণিতে ভাগ করা যায় :
১. লোকমুখে প্রচলিত জনপ্রিয় উক্তি : প্রাগৈতিহাসিক কাল থেকে হয়তো এ ধরনের বাক্য প্রচলিত হয়ে আসছে। কে কবে এমন জ্ঞানগর্ভ উক্তি করেছে, তা কে জানে? সে কি জানতো তার মুখের কথাটি কাল থেকে কালান্তরে লোকমুখে প্রচলিত হবে! পণ্ডিতকূল তার বক্তৃতায় ব্যবহার করবে সে অবিনশ্বর বাণী, আর সাহিত্যিকগণ তার কথাশিল্পে রসঘন করে ফুটিয়ে তোলার জন্য ব্যবহার করবে প্রবাদ নামের সে সরস কথাটি। কবে কে প্রথম বলে ওঠেছে কথাগুলো কে জানে?

> 'কয়লা ধুইলেও ময়লা যায় না।' (প্রবাদ)

অথবা

> 'দশে মিলে করি কাজ,
> হারি জিতি নাহি লাজ।' (প্রবচন)

২. কবি সাহিত্যিকের রচনা থেকে প্রাপ্ত : সাহিত্যে প্রবাদ-প্রবচন ব্যবহারের ইতিহাস অত্যন্ত সুপ্রাচীন। বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যাপদের (৬৫০-১২০০) অন্যতম কবি ভুসুকুপার ৬ নং পদটি উল্লেখযোগ্য :

আপনা মাংসেঁ হরিণা বৈরী।
খনহ নই ছাড়ই ভুসুকু অহেরী।

নিজের মাংসের জন্যই হরিণ নিজের শত্রু। ক্ষণমাত্রও ভুসুকু শিকার ছাড়ে না। নিজের কর্মদোষে অথবা নিজের রূপগুণের জন্য নিজে বিপদে পড়া। প্রবাদটি পরবর্তীকালে বড়ু চণ্ডীদাস তাঁর *শ্রীকৃষ্ণকীর্তন*-এ আর মুকুন্দুরাম চক্রবর্তীর *চণ্ডীমঙ্গল* কাব্যে ঈষৎ পরিবর্তিত রূপে ব্যবহৃত হয়।
আরেকটি প্রবাদ পরবর্তীকালে কবি কৃত্তিবাস ব্যবহার করেছেন

'পিপীলিকার পাখা উঠে মরিবার তরে'।

মুকুন্দুরাম চক্রবর্তীও প্রবাদটি ব্যবহার করেছেন সামান্য পরিবর্তন করে। অবশ্য কেবল পয়ার ছন্দে মেলানোর স্বার্থেই এ পরিবর্তন। 'কিবা মৃত্যু হেতু পাখ উঠে পিপিড়ার'– উভয় ক্ষেত্রেই অর্থের কোনো তারতম্য ঘটে না। অযোগ্য ব্যক্তির বাড়াবাড়ি তার মৃত্যু বা ধ্বংসের কারণ হতে পারে।
মধ্যযুগের সেরা কবি ভারতচন্দ্রের কিছু উক্তিও প্রবাদের মর্যাদা পেয়েছে–

'বড়র পিরিতি বালির বাঁধ
ক্ষণে হাতে দড়ি ক্ষণেকে ফাঁদ।'

অর্থ : 'বড় লোকের প্রেম ভালোবাসা অত্যন্ত ক্ষণস্থায়ী।

'নগর পুড়িলে কি দেবালয় এড়ায়?
বিস্তর ধার্মিক লোক থেকে গেল দায়।' (অন্নদামঙ্গল)

অর্থ : কোনো সমাজে ধ্বংসলীলা চললে উক্ত এলাকার ভালোমন্দ সবই ক্ষতিগ্রস্ত হয়।
আধুনিক কবিতার জনক মাইকেল মধুসূদন দত্ত তাঁর একটি প্রহসনের নামকরণ করেছেন '*বুড়ো শালিকের ঘাড়ে রোঁ*'। বুড়ো বয়সে বহু বিবাহের খায়েস এমন বুড়োকে বিদ্রূপ করে বুড়ো বয়সে অতি যৌবন প্রদর্শনকে ব্যঙ্গ করা হয়েছে প্রবাদটিতে।
কাজী নজরুল ইসলামের রচনায়ও প্রবাদের ব্যবহার দেখা যায়। এর বেশ কয়েকটি নজরুলের নিজস্ব সৃষ্টি– 'থুবড়ো মেয়ের মা হওয়ার সাধ।' বিয়ে না হওয়া মেয়ের সন্তান প্রত্যাশা অর্থাৎ আগাম প্রাপ্তির আকাঙ্ক্ষা করা। 'খোশখবর ঝুটভি আচ্ছা'– ভালো কিছু মিথ্যা হলেও শুনতে ভালো লাগে বা মিথ্যা প্রশংসাও শ্রুতিমধুর হয়। 'ধনী ধন পায় দিনে দেখে তারা'– অধিক ধনসম্পদে উল্লসিত হওয়া।
প্রবাদ ও প্রবচন দুটি শব্দের অর্থ উৎপত্তি ও বিকাশ অভিন্ন হলেও দৃষ্টির মধ্যে যে পার্থক্য রয়েছে বিশ্লেষকদের তা অস্বীকার করার অবকাশ নেই। প্রবাদ ও প্রবচনের মধ্যে মূল তফাৎটা হলো প্রকাশের দ্যোতনায়। প্রবাদ ব্যঞ্জনানির্ভর আর প্রবচন বাচ্যার্থনির্ভর। 'অধিক সন্ন্যাসীতে গাঁজন নষ্ট' – বেশি সংখ্যক সন্ন্যাসী কীভাবে গাঁজন নষ্ট করে সে বাচ্যার্থ আমরা খুঁজতেও যাই না। এর ব্যঞ্জনার্থ হচ্ছে একটি কাজে অনেক মানুষ জুটলে মতভেদের কারণে কাজটি অনেক ক্ষেত্রেই পণ্ড হয়ে যেতে পারে।
পক্ষান্তরে, প্রবচন বাচ্যার্থনির্ভর জীবনের অভিজ্ঞতালব্ধ চিরন্তন উক্তি। 'রাজার দোষে রাজ্য নষ্ট, স্বামীর দোষে স্ত্রী নষ্ট।' রাজা বা শাসক যোগ্য না হলে রাজ্যময় অশান্তি নেমে আসে অর্থাৎ যোগ্য রাজা উন্নতির

পূর্ব শর্ত। আবার স্বামী যোগ্য না হলে তেমনি স্বামী-স্ত্রীর সম্পর্ক তথা সংসার জীবন নষ্ট হয়ে যায়। প্রবচনটি যতই তীর্যক বা বক্রোক্তি হোক আক্ষরিক অর্থে এটি সমাজজীবনেরই প্রতিফলন।

প্রবাদে সমাজ-সংস্কৃতি ও দেশকাল

শিল্প ও সাহিত্য সমাজজীবনের দর্পণ। সমাজজীবনে প্রবাদ-প্রবচনের ব্যাপক প্রভাব রয়েছে। বাংলা বাগধারা ও প্রবাদ-প্রবচন তারই স্বাক্ষর বহন করে। প্রবাদ আছে – 'দেশ যেমন তার প্রবাদও তেমন।' প্রবাদ-প্রবচন বক্তব্যকে করে তীর্যক ও শাণিত। এ শব্দগুচ্ছ সাধারণ অর্থ ছাড়িয়ে বিশেষ অর্থ প্রকাশ করে থাকে। প্রবাদ-প্রবচন মানুষের স্বতঃস্ফূর্ত ভাবনার প্রতিফলন। মানুষের মুখের ভাষায় ও লেখকের সাহিত্যে প্রবাদ-প্রবচন ব্যবহৃত হয়ে থাকে। এতে ব্যক্তির মন ও মননের প্রকাশ ঘটে আর সমাজের নানা দিক তীর্যক ও স্পষ্টরূপে ধরা দেয়।

আশুতোষ ভট্টাচার্য তাঁর *বাংলার লোকসাহিত্য* গ্রন্থে উল্লেখ করেছেন, "প্রবাদ-প্রবচন জাতির সুদীর্ঘ ব্যাবহারিক অভিজ্ঞতার সংক্ষিপ্ততম রসাভিব্যক্তি। ইহা একদিক দিয়া যেমন প্রাচীন, তেমনই অন্যদিক দিয়া আধুনিক।"[৫] আশুতোষ ভট্টাচার্যের মতে "প্রবাদের মাধ্যমে জাতির সভ্যতা ও সাংস্কৃতিক ইতিহাসকে আবিষ্কার করা যায়।"[৬] প্রবাদ-প্রবচন সমাজের মানুষের অন্তর্গত অনুভূতির স্বগতোক্তি। সমাজের মাটি ও মানুষের সাথে এর নিবিড় সম্পর্ক। মানবমন, ব্যক্তিক চরিত্র, নরনারী, জন্ম-মৃত্যু-বিয়ে, দাম্পত্যচিত্র, সমাজ, ধর্ম, জীবনাচার, বিশ্বাস-অবিশ্বাস, সংস্কার-কুসংস্কার, কলহ-বিসম্বাদ, উদারতা-কুটিলতা, প্রেমবিরহের একটা চমৎকার চিত্র ফুটে ওঠে এসব প্রবাদ-প্রবচনের মাধ্যমে।

পরিবার ও আত্মীয় স্বজন

পরিবার সমাজের প্রাথমিক সংগঠন। বাঙালি সমাজে একান্নবর্তী পরিবারে মা-বাবা, ভাই-বোন, চাচা-চাচি, পুত্র-কন্যা, দেবর-ননদ, শ্বশুর-শাশুড়ি সবাই মিলে সুখদুঃখ, আনন্দবেদনা পরস্পর ভাগাভাগি করেছে সুদীর্ঘকাল। পাশাপাশি ঈর্ষা-হিংসা-জিঘাংসাও পরিবারে লক্ষণীয়। পরিবারে স্বজনরাও পারিবারিক বন্ধনে আবদ্ধ। তাদের মুখে সরস উক্তি, তীর্যক ভাষণ আজও প্রবাদরূপে সে-সমাজের চিত্রই তুলে ধরে। মূলত পরিবারই প্রবাদ-প্রবচনের আঁতুড়ঘর বলা যায়। সমাজের লব্ধঅভিজ্ঞ মানুষের বুদ্ধিভিত্তিক সৃষ্টি প্রবাদ। পারিবারিক ও সামাজিক মানুষ হিসেবে জীবন চলার পথে এটি উত্তরাধিকার সূত্রে অর্জিত হয়ে আসছে। বাবা পরিবারের প্রধান ব্যক্তি। সবার সুখে দুঃখে বাবা পাশে থাকেন। সেই বাবা যদি মারা যান, তখন বাবা অনেক ক্ষেত্রে পর হয়ে যান। সেক্ষেত্রে বলা হয় 'মা মরলে বাপ তালই'। সংসারে নিজের সুবিধাটাই সবাই আগে দেখে – তাই প্রবাদটি প্রচলিত হয়েছে 'আপন বাঁচলে বাপের নাম'। এ জগতে পাপ করলে কেউ রেহাই পায় না – 'পাপ বাপকেও ছাড়ে না।' পরিবারে মায়ের চেয়ে বেশি দরদি আর কে আছে? কেউ পরম আপনজনের চেয়ে বেশি আদর দেখালে ব্যবহার করা হয় –'মার চেয়ে মাসীর দরদ বেশি'। পরম আপনজনকে শাস্তি দিয়ে বা কটাক্ষ করে অপরকে অনেক সময় শেখানোর কৌশল অবলম্বন করতে হয়, সে কথা বোঝানোর জন্য আমরা বলি 'ঝিকে মেরে বউকে শিখানো'। আবার একের অধিকারের স্থলে অন্যের অধিকার প্রতিষ্ঠা করা হলে বলা হয়ে থাকে 'মার পুত নয় শাশুড়ির জামাই'। রবীন্দ্রনাথের 'সুভা' গল্পে মেয়েটির নাম রাখা হলো সুভাষিণী, অথচ জন্মের কিছুদিন পরে বোঝা গেল মেয়েটি বোবা। যার যে গুণ নেই, তার প্রতি গুণ আরোপ করলে আমরা ব্যবহার করি 'কানা ছেলের নাম পদ্মলোচন'। পরিবারে নারী নির্যাতনের চিত্রও ফুটেছে প্রবাদে। সমাজের মানুষের মোকাবেলা করতে না পেরে পরিবারের বা নিরীহজনের সাথে রূঢ় আচরণ করতে বা

দাপট দেখাতে গেলে 'দরবারে না মেলে ঠাঁই, ঘরে গিয়ে মাগ কিলাই' প্রবাদটি ব্যবহৃত হয়। আবার একজনের সুবিধা গ্রহণ করে আরেক জনের উপকার করা অর্থাৎ অকৃতজ্ঞের মতো আচরণ করলে আমরা বলি 'ভাত খায় ভাতারের পা টেপে নন্দাইয়ের।'

প্রবচন মানুষের জীবনঘনিষ্ঠ বাণী। দীর্ঘ জীবনাভিজ্ঞতায় জ্ঞানের বহিঃপ্রকাশ। পারিবারিক জীবনের নানান নির্দেশনা রয়েছে শাশ্বত এসব নীতিবাক্যে। পরিবারের প্রধান বাবাকে নিয়ে প্রবাদ আছে – 'বাপ কা বেটা সিপাহি কা ঘোড়া, কুচ ভি তো থোড়া থোড়া।' অর্থাৎ পৈতৃক বা পারিবারিক গুণাবলি সন্তান অল্প হলেও পেয়ে থাকে। তরুণদের ব্যাপারে সমাজের ধারণা – 'ছেলের বুদ্ধি ঠোঁটে, বুড়োর বুদ্ধি পেটে'। আবার বাপের বাড়িতে কন্যা ঘরজামাই থাকলে সে কন্যা পাকা গৃহিণী হয় না, যেমন পান্তা ভাতে ঘিয়ের কার্যকারিতা থাকে না। তাই বলা হয় 'বাপের বাড়ি ঝি নষ্ট, পান্তা ভাতে ঘি নষ্ট।' সব নারীরাই পরিবারে গৃহিণী হয়ে কর্তৃত্ব ফলাতে চায়, তবে সংসারের গুরুদায়িত্ব নিতে চায় কজনে? প্রবচন আছে 'গিন্নি হবার বড় সাধ, কাঁখে কলসি বড়ই বাঁধ।' জামাই আদর বাঙালি সমাজসংস্কৃতির অংশ। কখনো সে জামাই অভিমান করে সে আদরআপ্যায়ন থেকে বঞ্চিত হয় – 'আগে জামাই কাঁঠাল খান না, শেষে জামাই ভূঁতিও পান না।' আত্মীয়-স্বজন নিয়ে আরও অনেক প্রবাদ রয়েছে, যা সমাজের রূঢ় বাস্তবতায় সমৃদ্ধ :

মাসি	:	'মায়ের কাছে কিল ছাপড়, মাসির কাছে বড় আদর।'
ভাই	:	'ভাই বড় ধন রক্তের বাঁধন, যদিও পৃথক হয় নারীর কারণ।'
মামা	:	'মামার ক্ষেতে বিয়ালো গাই, সে সুবাদে মামতো ভাই।'
মেয়ে	:	'নদীর পানি ঘোলাও ভালো, জাতের মেয়ে কালাও ভাল।'
স্বামী-স্ত্রী	:	'রাজার দোষে রাজ্য নষ্ট, স্ত্রীর দোষে স্বামী নষ্ট।'

গৃহস্থালি

মানুষের জীবনে অন্ন, বস্ত্র, বাসস্থান যেমন অপরিহার্য, তেমনি সামাজিক জীবনের জন্য অপরিহার্য তার ভাষা। তাই মানুষের মুখের বুলিতে উঠে এসেছে দৈনন্দিন জীবন আর গৃহস্থালির নানান উপকরণ। এসব গৃহস্থালি উপকরণের ব্যবহার উপযোগিতা বর্তমান নেই। কিন্তু প্রবাদ-প্রবচনে টিকে আছে সেসব গৃহস্থালি সামগ্রী। এসব উপকরণের মাধ্যমে সমকালীন সমাজের একটা চিত্র পাওয়া যায়।

ঢেঁকি আজ আর অপরিহার্য বস্তু না হলেও অপরের অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কোনো কাজ করতে গেলে তাকে আমরা বলি 'অন্যের উপরোধে ঢেঁকি গেলা'। আবার 'আসল ঘরে মশাল নেই, ঢেঁকিশালে চাঁদোয়া' – আসল বিষয় অবহেলা করে ক্ষুদ্র বিষয়ে গুরুত্বারোপ করার বিষয়ে প্রবাদটি প্রচলিত আছে। ছাই, কুলো, ছালা, ছুঁচ দৈনন্দিন জীবনের এসব সামান্যতম সমিদও বাদ পড়েনি প্রবাদ-প্রবচন থেকে। কোনো নিরীহ ব্যক্তির ওপর দোষ চাপালে উক্ত ব্যক্তি বলে ওঠে 'ছাই ফেলতে ভাঙা কুলো'। আবার কারও পরিপূর্ণ কাজের ক্ষতি সাধন করলে আমরা বলি 'বাড়া ভাতে ছাই পড়া'। কেউ কোনো প্রতারকের পাল্লায় পড়ে পুঁজি ও লাভ দুটোই হারালে ক্ষতিগ্রস্ত ব্যক্তি বলে 'আমও গেল, ছালাও গেল'। আবার নিজের বড় বড় দোষ ঢেকে রেখে অন্যের দোষ ধরলে এ প্রবাদটি প্রচলিত আছে – 'চালুনি বলে, ছুঁচ তোর তলায় কেন ছেঁদা'। নিজেই প্রবল উৎসাহী, তার ওপরে অন্যের অনুরোধ থাকলে আমরা বলি

'একে নাচুনি বুড়ি, তার উপর ঢোলের বাড়ি'। 'চুন খেয়ে মুখ তেঁতেছে দই খেতে ডরাই' বা 'ঘর পোড়া গরু সিঁদুরে মেঘে ডরায়' দুটো প্রবাদই অভিন্ন অর্থে ব্যবহৃত হয়। একবার বিপদ থেকে রক্ষা পাওয়ার পর ঐ জাতীয় কোন বিপদের আভাসেই ভীত হওয়ার ক্ষেত্রে ব্যবহৃত হয় এ দুটো প্রবাদ।

খাদ্যদ্রব্য ও খাদ্যসংস্কৃতি

মানুষের জীবনের প্রধান ও প্রথম চাহিদা খাবার। আর ভোজনরসিক বাঙালির হরেক রকম খাবারের প্রতি আকর্ষণের বিষয়টি প্রমাণিত হয় তাদের মুখের বুলিতে। 'মাছে ভাতে বাঙালি' যেমন বাঙালি মধ্যবিত্ত গৃহস্থের জন্য প্রযোজ্য, তেমনি দারিদ্র্যপীড়িত মানুষের ব্যাপারে প্রচলিত আছে 'নুন আনতে পান্তা ফুরায়'। বিলাসিতাও বাঙালি মধ্যবিত্তের একটা রোগ– 'ঘরে নেই ভাত, কোঁচা তিন হাত' অর্থাৎ ঘরে তাদের খাবার নেই, কিন্তু বাইরে বিলাসিতা। রোকেয়া সাখাওয়াত হোসেন বাঙালির বিলাসিতা বোঝাতে ব্যবহার করেছেন 'শিরে দিয়ে বাঁকা তাজ ঠেকে রাখে টাক।' উচ্চবিত্তরা নিম্নবিত্তদের শোষণ করে বিভিন্ন কৌশলে কখনো শারীরিকভাবে কখনো আবার অর্থাভাবে ফেলে – বলা হয়, 'হাতে মারবো না ভাতে মারবো।' 'ভাত দেবার মুরদ নেই, কিল মারার গোসাঁই' প্রবাদটিতে পরিবারের কর্তা বা ভূস্বামীরা অনেক সময় ন্যায্য পারিশ্রমিক না দিয়ে, উল্টো তাদের শোষণ নির্যাতন করে তারই প্রমাণ মেলে।

মাছে ভাতে বাঙালির মুখের বুলিতে মাছের কথা এসেছে বার বার। শ্রমজীবী বাঙালি খেটে মরে আর কেউ মজা উপভোগ করে এ প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে 'কেহ মরে বিল ছেঁচে কেউ খায় কৈ'। আবার অকর্মণ্য যখন সহজ কাজে অজ্ঞতা প্রকাশ করে, তখন বলা হয় 'ভাজা মাছটি উল্টে খেতে পারে না', আবার কেউ বড় ধরনের অপরাধ গোপন করতে গিয়ে ব্যর্থ হলে বলা হয় 'শাক দিয়ে মাছ ঢাকা যায় না।' দুধ, দই, ছানা বাঙালির প্রিয় খাবার। অনেক সময় দুর্লভ বস্তুর অভাব সস্তা বস্তু দিয়ে মেটাতে হয়, তখন 'দুধের সাধ ঘোলে মেটানো' প্রবাদটি ব্যবহার হয়। আদর যত্ন করে বড় করে তোলার পর পোষ্য যখন ক্ষতি করে, তখন পালনকারী আক্ষেপ করে বলে ওঠে, 'দুধ কলা দিয়ে কাল সাপ পুষলাম!' সমাজে কোনো মানুষ নিজের তৈরি বস্তুকে মন্দ না বলে হরহামেশা প্রসংশা করলে জবাবে বলা হয় 'গোয়ালা দই গোয়লা টক বলে না।' অনেক প্রবাদে বাঙালির খাদ্যসামগ্রীর উল্লেখ আছে, যেমন :

ধান	:	'পাকা ধানে মই দেওয়া।' প্রায় পূর্ণতা প্রাপ্ত কোন কাজ পণ্ড করে দেওয়া।
চাল	:	'ভিক্ষার চাল কাড়া আর আকাঁড়া।' অনায়াসলব্ধ বস্তুর ভাল মন্দ বিচার চলে না।
লবণ	:	'নুন খাই যার গুণ গাই তার।' উপকারীর উপকার স্বীকার করা।
আদা	:	'আদার ব্যাপারী, জাহাজের খবর।' বৃহৎ কর্মকাণ্ডে ক্ষুদ্র মানুষের নাক গলানো।
ঘি	:	'সোজা আঙুলে ঘি উঠে না।' সহজ পদ্ধতিতে কার্যসিদ্ধি লাভ হয় না।

বাংলা প্রবচনেও খাদ্য সামগ্রীর উল্লেখ বহুল পরিমাণে লক্ষণীয়। যে-কোনো আপ্যায়নে ভোজনরসিক হাজির হতে দেরি করে না। কারণ বাঙালি মাত্রই প্রবচনটি জানে 'খাবারের আগে, দরবারের শেষে।' আসলে শুধু বাঙালি নয়, যে-কোনো মানুষকে আপ্যায়ন করে তাকে কাছে টানা যায়, দরিদ্রদের অতিরিক্ত খাটিয়ে নেয়া যায়। তাই বলা হয় 'পেটে খেলে পিঠে সয়।' ইংরেজিতেও এমন প্রবচনের লক্ষ করা যায়, 'The nearest way to a poorman's heart is down their throat.' নিম্নবিত্ত মানুষ হরহামেশা অনাহারে অর্ধাহারে থেকে যেমন রসাতলে যেতে পারে, আবার স্বচ্ছল মানুষ জানে মিতাহার মানুষের জন্য অধিক স্বাস্থ্যপ্রদ। সেজন্য বলা হয়ে থাকে 'উনা ভাতে দুনা বল, নিত্য উনা রসাতল।' স্বাস্থ্যসম্মত খাবারের ব্যাপারে বলা হয়, মানুষের অন্ত্রের জন্য তেঁতো আর দাঁতের জন্য লবণ উপযোগী এবং আকণ্ঠভোজন স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, যেমন :

'আঁতে তেতোঁ, দাঁতে নুন,
পেট খালি এক কোণ।'

ফলমূল ও শাকসবজি

সভ্যতার ঊষালগ্নে বেঁচে থাকার প্রয়োজনে বনবাসী মানুষ ফলমূল খেয়ে জীবনযাপন করতো নির্বিঘ্নে। মানুষের চাহিদার সাথে তাল মেলানোর তাগিদে সূচনা হলো চাষাবাদের। সে কারণে মানুষের প্রাচীনতম পেশা কৃষি। আর সামাজিকতার প্রয়োজনে মানুষ যখন কথা বলা শুরু করে, তখনই তাদের ভাষায় ফলমূল আর কৃষিজাত পণ্যের ব্যবহার এসেছে। কালক্রমে জ্ঞানগর্ভ আর চিরন্তনতার জন্য সে সকল উক্তি প্রচলিত হয়েছে ভাষা আর সাহিত্যে। আম, জাম, কাঁঠাল, কলা, তাল, বেল, পটোল, পেঁয়াজ সব কিছুরই উল্লেখ আছে প্রবাদ প্রবচনে। সমাজের অযোগ্য ব্যক্তিরা যখন উৎকৃষ্ট বস্তু ভোগ করে, তখন কেউ যেন বলে উঠেছিল 'পাকা আম দাঁড় কাকে খায়'। আবার কেউ যখন ভবিষ্যতে প্রাপ্য বস্তুর জন্য পরিশ্রম না করে ভোগের আগাম প্রস্তুতি নেয়, তখন উক্ত ব্যক্তিকে শুনিয়ে দেয়া হয়, 'গাছে কাঁঠাল গোঁফে তেল।' 'ঠাকুর ঘরে কে রে? আমি কলা খাই না'– অপরাধ অস্বীকার করতে গিয়ে নিজের অজান্তেই অপরাধ স্বীকার করে নিলে প্রবাদটি ব্যবহৃত হয়। আবার কোনো ঘটনায় যখন ব্যক্তির দুটো উদ্দেশ্য একসাথে পূরণ হয়, তখন আমরা বলি 'রথ দেখা হল, আর কলাও বেচা হল'। যে যত দুষ্ট লোক তাকে তেমন কঠিন ভাবেই শাস্তি দিতে হয়, তখন বলা হয়– 'যেমন বুনো ওল তেমন বাঘা তেঁতুল'। ফলমূল শাকসবজির উল্লেখ আছে আরও বহু প্রবাদে :

তাল : 'ঘটি ডোবে না নামে তালপুকুর।' নামে বড় কিন্তু কাজে তুচ্ছ।
লেবু : 'লেবু বেশি চটকালে তেতোঁ হয়।' অতিরিক্ত পীড়াপীড়িতে অপ্রীতিকর পরিস্থতি সৃষ্টি হয়।
পটোল : 'পলতা গাছে পটোল ফলেছে।' নীচ বংশে সুসন্তান জন্ম নিলে এ প্রবাদটি ব্যবহৃত হয়।
পেঁয়াজ : 'পেঁয়াজও গেল, পয়জারও গেল।' দুদিক থেকে ক্ষতিগ্রস্ত হওয়া। অনুরূপ 'আমও গেল, ছালাও গেল।'

শ্রেণিপেশা

বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ নিয়েই গড়ে ওঠে সমাজকাঠামো। কৃষক, শ্রমিক, তাঁতি, কামার, কুমার, কলু, কুলি, কাঠুরে, মুটে-মজুর, মুচি-মেথর, ধোপা-নাপিত, চোর-ডাকাত, সাপুড়ে ইত্যাদি পেশা নিয়েই আবহমান বাঙালি সমাজ। সমাজের চারপাশে ঘটে যাওয়া ঘটনাকে তীব্রভাবে প্রকটিত করে তোলার জন্য মানুষের মুখে জন্ম নিয়েছে এসব প্রবাদ আর প্রবচন। 'পথে দেখলাম কামার, দা গড়ে দে আমার।' সংশ্লিষ্ট কাজে পারঙ্গম ব্যক্তিকে পেলে আমরা উক্ত কাজটা করিয়ে নিতে চাই – এমন পরিস্থিতি বোঝাতে প্রবাদটি ব্যবহৃত হয়। নাপিতকে নিয়ে একই প্রকার প্রবাদ প্রচলিত আছে – 'নাপিত দেখলে নখ বাড়ে।' আবার যে ব্যক্তি অলস, সে ব্যক্তি অজুহাত পেলেই কাজে ফাঁকি দিলে আমরা বলি – 'কুঁড়ে কৃষাণ অমাবস্যা খোঁজে'। বস্তিতে আগুন লাগিয়ে যখন প্রভাবশালীরা কেউ ত্রাণ দিতে আসে অর্থাৎ কেউ যখন দ্বিমুখী কৌশল অবলম্বন করে তখন 'সাপ হয়ে কাটে, ওঝা হয়ে ঝাড়ে' প্রবাদটি ব্যবহৃত হয়। সমাজে অনেকেই অতিরিক্ত লোভ করে ব্যাপক ক্ষতির সম্মুখীন হলে আমরা তাঁতির প্রবাদটি ব্যবহার করে থাকি 'অতি লোভে তাঁতি নষ্ট'। ধোপাকে নিয়েও প্রচলিত আছে প্রবাদ। ধোপা কাপড় পরিষ্কার করতে জোরে আছড়ায়ে কাপড়ের ক্ষতি হলে তার কিছু আসে যায় না। তাই 'যার ফাটে তার ফাটে, ধোপার তাতে কি?' বেদেরাও আমাদের সমাজের মানুষ। পেশাদার ব্যক্তি তার পেশাগত কাজের অন্তর্গত মর্ম বোঝে –

বিষয়টি বোঝানোর জন্য বলা হয় 'সাপের হাঁচি বেদে চেনে'। একই বিষয়ে আরেকটি প্রবাদ আছে – 'জহরি জহর চেনে'। বিভিন্ন পেশার আরও কিছু প্রচলিত প্রবাদ :

চোর	:	'চোরের ধন বাটপারে খায়।'
ডাকাত	:	'কচু কাটতে কাটতে ডাকাত'।
বৈদ্য	:	'বৈদ্যের বড়ি ছুঁলেই কড়ি।'
বৈরাগী	:	'দুই দিনের বৈরাগী ভাতেরে কয় অন্ন।'
মাঝি-মাল্লা	:	'নদীর মাঝে গাজি, পারে উঠলে পাজি।'
মোল্লা	:	'মোল্লার দৌড় মসজিদ তক।'
কাজী	:	'কাজির গরু খাতায় আছে গোয়ালে নেই।'
ফকির	:	'ঝড়ে বক মরে, ফকিরের কেরামতি বাড়ে।'
ভিক্ষুক	:	'ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া।'

বিভিন্ন পেশার মানুষ নিয়েই আমাদের সমাজ। বাংলা প্রবচনেও সমাজের কামার-কুমার, কবিরাজ, চোর-ডাকাত, জেলে-ছুতারের জীবনের প্রতিফলন ঘটেছে :

কবিরাজ	:	'লাথ চড়ে নাহি লাজ, আমার নাম কবিরাজ।'
কামার	:	'দেখা হল কামার দা গড়া আমার।'
চোর	:	'দোদিল বান্দা কলমা চোর নাপায় ভেস্ত না পায় গোর।'
বাটপার	:	'চোরের ধন বাটপারে খায়।'
পোদ্দার	:	'পরের ধনে পোদ্দারি, লোক বলে লক্ষ্মীশ্বরী।'
বৈরাগী	:	'দুদিনের বৈরাগী ভাতেরে কয় অন্ন।'
জোলা	:	'যেমন কন্যা ভানুমতি, তেমন পাত্র জোলা তাঁতি'।

ধর্ম

ধর্মবিশ্বাস মানুষের সহজাত প্রবণতা। 'রাখে আল্লাহ মারে কে?' বা 'মারে আল্লাহ রাখে কে?' ইসলাম ধর্মাবলম্বী মানুষমাত্রই বিশ্বাস করে জন্ম-মৃত্যু ওপরওয়ালার ইশারাতেই সংগঠিত হয়। এই বিশ্বাস ইসলাম ধর্মের ঈমানেরই অংশ। সেই প্রত্যয় ব্যক্ত হয় এই প্রবাদটিতে। 'আল্লাহ যাকে দেন, ছাপ্পড় ফেড়ে দেন' বা 'আল্লাহর দেওয়া ফুরায় না, মানুষের দেওয়া কুলায় না।' অর্থাৎ আল্লাহ যার ওপর তুষ্ট থাকেন, তাকে অঢেল সম্পদ দান করে থাকেন। এ প্রবাদেও পবিত্র কোরআনের একটি বাণীর প্রতিফলন ঘটেছে। প্রভুর ওপর কর্তৃত্ব ফলাতে গেলে আমরা বলি 'খোদার পর খোদকারী করা।' এসব প্রবাদের মাধ্যমে মুসলিম সমাজের চিত্র পাওয়া যায়।

বাংলা ভাষা ও সাহিত্যে হিন্দু ধর্মের ব্যাপক প্রভাব রয়েছে। মধ্য যুগের সাহিত্য ছিল ধর্মকেন্দ্রিক। হিন্দু পৌরাণিক কাহিনি, *রামায়ণ*, *মহাভারত*, শতসহস্র দেব-দেবী ও স্বর্গমর্ত্য পাতালে তাদের বিচরণ প্রেমলীলা কাম-ক্রোধ-মোহ সবকিছুই ছিল বাংলা সাহিত্যের প্রধান উপজীব্য। সমাজের মানুষগুলো বহুলাংশে ধর্মান্ধ ও নিরক্ষর হলেও নির্বাক ছিল না। তারা অনেকেই যেমন ছিল চালাকচতুর ও সামাজিক, তেমনি ছিল রসিক ও বাকপটু। তাদের মুখের বুলিতে হিন্দু ধর্মের চিত্র ফুটে উঠেছে।

অযোধ্যার রাজা দশরথের জ্যেষ্ঠপুত্র রামচন্দ্র। রামকে নিয়ে প্রবাদ লক্ষণীয়– 'একা রামে রক্ষা নাই সুগ্রীব দোসর', একজনের সাথে পেরে ওঠা যায় না, তার ওপর আরেকজন সহযোগীর আর্বিভাব। আবার অসৎ ব্যক্তি যখন সত্য ও ন্যায়ের কথা বলে, তখন আমরা বলি 'ভূতের মুখে রাম নাম।' রামচন্দ্রের স্ত্রী সীতাকে নিয়ে প্রচলিত আছে প্রবাদ 'সাত কাণ্ড রামায়ণ পড়ে সীতা রামের মা।' সমগ্র কাজ সমাপ্ত করে

উক্ত কাজে সামান্য ধারণা না জন্মালে অর্থাৎ অকাট মূর্খ বোঝাতে এই কথাটি বলা হয়। রামচন্দ্রকে নিয়ে আরও প্রবাদ লক্ষ করা যায় :

ক. 'মুখে রাম নাম, বগলে ছুরি।'
খ. 'রাম না হতে রামায়ণ।'
গ. 'রামে মারলেও মরবো, রাবণে মারলেও মরবো।'
ঘ. 'সে রামও নাই, অযোধ্যাও নাই।'

হিন্দু ধর্মের সৌভাগ্য ও ঐশ্বর্যের দেবী লক্ষ্মীকে নিয়েও অনেক প্রবাদ প্রচলিত আছে –'বউনির কড়ি লক্ষ্মীর দান।' বউনি অর্থ ব্যবসায়ের প্রথম বিক্রয়লব্ধ অর্থ। ব্যবসায়ীদের মধ্যে সংস্কার আছে, বউনি ভালো হলে সারা দিন ভালো লাভ হয়। আবার যখন কোনো সম্পদশালী ব্যক্তি উক্ত সম্পদহারা হন, তখন এমন প্রবাদ বলা হয়। 'লক্ষ্মী হলেন লক্ষ্মীছাড়া, শংকর ভিখারি।' কারণ লক্ষ্মী সম্পদের অধিষ্ঠাত্রী, আর শংকর বা মহাদেব সবার উপকার করে থাকেন। 'ধান ভানতে শিবের গাঁজন'। অর্থাৎ অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করা। দেবী লক্ষ্মীকে নিয়ে এ ধরণের আরও কিছু প্রবাদ প্রচলিত আছে।

ক. 'সিদ্ধি খেলে বুদ্ধি বাড়ে, গাঁজা খেলে লক্ষ্মী ছাড়ে।'
খ. 'লক্ষ্মী আসতে দুয়ারে আগড়।'
গ. 'হাড়ির লক্ষ্মী শুড়ির ঘরে যায়।'

এসব প্রবাদ হিন্দু ধর্ম ও সমাজ থেকে উৎপত্তি হলেও জাতিধর্ম নির্বিশেষে প্রবাদগুলো ব্যবহার করে থাকে, যেমন :

ক. 'ধর্মের কল বাতাসে নড়ে।'
খ. 'চোরা না শোনে ধর্মের কাহিনি।'
গ. 'কষ্ট করিলে কেষ্ট মেলে।'
ঘ. 'আশি মন ঘি জুটবে না রাধাও নাচবে না।'

প্রবাদ প্রবচনে গ্রামীণ সমাজব্যবস্থা

গ্রামীণ সমাজে মানুষ অনগ্রসর হলেও বাগ্মীতায় তারা প্রাগ্রসর। গ্রামীণ মানুষে মানুষে যেমন হৃদ্যতা আছে, তেমনি শত্রুতার চিত্রও লক্ষণীয়। গলাগলি থকে গালাগালিতে রূপান্তরিত হতে কম সময় নেয় তারা। গ্রামীণ সমাজ কাঠামোতে ছিল গ্রাম্য মোড়ল মাতব্বর বা মাদবর। নিজেদের মধ্যে রেষারেষি আর কলহ করে আবার তাদের পুনর্মিলন হয়। কখনো নিজেরা মধ্যস্থতা করে। কখনো কখনো গ্রামের মোড়লরা সালিশের মাধ্যমে তা মিটমাট করে। কখনো মোড়লের সালিশ তারা মানে কিন্তু কৌশলে অমান্য করে। বিচার মানে কিন্তু ছাড়তে রাজি নয়। তাই বলা হয় 'বিচার সালিশি কর, তবে তাল গাছটা আমার'। এ মোড়লরা আবার অনেক ক্ষেত্রে স্বার্থপর বিধায় তাদের কেউ মানতে চায় না, তারপরও তারা নিজেকে মাতব্বর বলে দাবি করে। 'গাঁয়ে মানে না আপনি মোড়ল'। প্রভাবশালীদের আবার তোষামোদকারীর অভাব হয় না। তাদের প্রয়োজন থাকুক আর না-ই থাকুক তাদের উপহার উপঢৌকন দেয়ার দৃষ্টান্ত হচ্ছে – 'তেলা মাথায় তেল দেওয়া' প্রবাদটি। 'পরের মাথায় কাঁঠাল ভেঙে খাওয়া' বা 'পরের ঘাড়ে বন্দুক রেখে শিকার করা' প্রবাদ দুটিতে দেখা যায় মোড়লরা সাধারণ মানুষকে নিজেদের স্বার্থে অন্যায়ভাবে ব্যবহার করতো। এসব সুবিধাবাদীদের আবার 'বাইরে মধু অন্তরে বিষ'। প্রবাদগুলো গ্রামীণ মোড়লতন্ত্রের সাক্ষ্য বহন করে।

গ্রামীণ সমাজব্যবস্থায় মোল্লাতন্ত্রের প্রভাবও কম ছিল না। মোল্লারা ধর্মের অপব্যাখ্যা করে, অনেক সময় ফতোয়া জারি করে শাস্তি দিত। শাস্তি কখনো কঠিন হতো। মোল্লারা কখনো দণ্ডপ্রাপ্ত ব্যক্তির পরিবারে কেউ মারা গেলে দাফন-কাফনে অংশগ্রহণ করতো না। মোল্লাদের এসব আচরণের জন্য তারা সমাজে শ্রদ্ধার আসনও হারিয়েছে। 'আল্লায় দিলে মোল্লায় খায়' বা 'মোল্লার দৌড় মসজিদ তক।' এসব প্রবাদ সে কথারই প্রমাণ বহন করে। পিরতন্ত্র সমাজে বিদ্যমান ছিল। বেশির ভাগ চাষাভুষা পিরকে অত্যন্ত শ্রদ্ধা করতো। তাই বলা হয় 'যার নেই পির তার নেই শির।' পীরকে তারা সমাজে বুদ্ধিমান মনে করতো। সেজন্য বুদ্ধিমান ব্যক্তির সাথে চালাকি করলে 'পীরের সাথে মামদো বাজী' প্রবাদটির প্রচলন হয়েছে।

প্রবাদ-প্রবচন সাহিত্যের এক সমৃদ্ধ রত্নসম্ভার। প্রবাদ-প্রবচনে সমকালীন সমাজের যেমন প্রভাব রয়েছে, তেমনি ভাষা ও সাহিত্যে প্রবাদ-প্রবচনের প্রভাব রয়েছে। বিচিত্র মানসিকতা, বিচিত্র বিশ্বাস আর পেশার মানুষ নিয়ে আমাদের সমাজ। সমাজের মানুষের অন্তর্স্থিত বাসনা প্রকাশিত হয় মুখের ভাষায়, কথনে, বচনে। বন্ধুত্ব-ভালোবাসা, হৃদ্যতা-শত্রুতা, প্রেম-প্রত্যাশা, হিংসা-জিঘাংসা, শাসন-শোষণ, সন্ধি-বিগ্রহ সবকিছুর সূত্রপাত, বিকাশ এবং পরিণতি মানুষের কথন-বচন, ভাষণ আর প্রবচনের মাধ্যমেই। প্রকৃত পক্ষে প্রবাদ-প্রবচনের শেকড় আমাদের ঐতিহ্য আর সমাজের গভীরে প্রোথিত।

তথ্যসূত্র

আশ্‌রাফ সিদ্দিকী – *লোক সাহিত্য*, দ্বিতীয় খণ্ড, মুক্তধারা, ঢাকা ১৯৮০, পৃ. ২৫
আশুতোষ ভট্টাচার্য – *বাংলার লোক সাহিত্য*, (প্রথম খণ্ড) পঞ্চম সংস্করণ কলকাতা ২০০৫, পৃ. ৫০০
ওয়াকিল আহমদ – *প্রবাদ ও প্রবচন*, আনন্দধারা, ঢাকা, ফেব্রুয়ারি ২০০৯, পৃ. ১৪
ওয়াকিল আহমদ – প্রাগুক্ত, পৃ. ১৫
মারুফ আহমেদ চৌধুরী – *নোয়াখালীর শ্লোকগাঁথা*, দাঁড়িকমা প্রকাশনী, ফেব্রুয়ারি ২০২০
মাহমুদুল হাসান নিজামী – *বাংলা প্রবাদ ও বাগধারা সংকলন*, অন্বেষা প্রকাশন, ফেব্রুয়ারি ২০১৯
মুহাম্মদ আসাদুজ্জামান – *প্রবাদ-প্রবচন*, প্রফেসর'স প্রকাশন, জানুয়ারি ২০১৯
মুহাম্মদ হাবিবুর রহমান – *বচন ও প্রবচন*, বাংলা একাডেমি, জুলাই ১৯৮৫
সুবলচন্দ্র মিত্র – *সরল বাঙ্গালা অভিধান*, কলিকাতা, ১৯২৮, পৃ. ১৪১৯
হুমায়ূন রহমান – *বরিশালের প্রবাদ প্রবচন*, আপন প্রকাশ, ফেব্রুয়ারি ২০১৫
Taylor, A., 1981. *The Wisdom of Many and the Wit of One*. New York, p. 6

কালীপ্রসন্ন ঘোষ (১৮৪৩-১৯১০): জীবন ও সাহিত্যকর্ম

* এস এম মেহেদী হাসান

সারসংক্ষেপ

অক্ষয়-ঈশ্বর পর্বে যশস্বী প্রবন্ধকারদের মধ্যে কালীপ্রসন্ন ঘোষ (১৮৪৩-১৯১০) অন্যতম। তিনি শিক্ষা, সমাজ, সাহিত্য, দর্শন, নীতি, ধর্ম, চরিত-কথা ও আত্মতত্ত্ব ইত্যাদি বিচিত্র বিষয়ে প্রবন্ধ লিখেছেন। ইংরেজি ভাষায় সুশিক্ষিত কালীপ্রসন্ন ঘোষ সাহিত্যেও সুপণ্ডিত ছিলেন। বিষয় নির্বাচন, রচনার গুরুত্ব, গুরুগম্ভীর ও গীতিকাব্যোচিত সুরের স্পন্দন অনুভব করা যায় তাঁর প্রবন্ধে। তাঁর লেখায় বিদ্যাসাগর ও বঙ্কিমের গদ্যের প্রভাব অনুভূত হলেও নিজস্ব স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য লক্ষ করা যায়। তিনি মাত্র ১৩ বছর বয়সে ঢাকার সুধীসমাজে একজন প্রবন্ধকার ও বাগ্মী হিসেবে পরিচিতি লাভ করেন। তিনি ব্রাহ্ম সমাজের কল্যাণনিষ্ঠ কর্মকাণ্ডে যুক্ত ছিলেন। নারী জাতি বিষয়ক প্রস্তাব (১৮৬৯), প্রভাত চিন্তা (১৮৭৭), নিভৃত চিন্তা (১৮৮৩), নিশীথ চিন্তা (১৮৯৬) ও ভ্রান্তিবিনোদ (১৮৮১) তাঁর উল্লেখযোগ্য প্রবন্ধগ্রন্থ। বঙ্কিমচন্দ্রের 'বঙ্গদর্শন' পত্রিকার আদলে পূর্ববঙ্গ হতে 'বান্ধব' (১৮৭৪) নামে অতি উচ্চমানের সাহিত্য পত্রিকা সম্পাদনা তাঁর অনন্য কীর্তি। তাঁর প্রথম পর্যায়ের প্রবন্ধগুলো বুদ্ধিপ্রধান ও যুক্তিনিষ্ঠ; শেষ পর্যায়ের প্রবন্ধে জ্ঞান ও যুক্তির সাথে প্রবল ভক্তিবাদের মিশ্রণ লক্ষ করা যায়। মাতৃভাষার প্রতি প্রগাঢ় ভালোবাসা ও দর্শনঘেঁষা লেখার জন্য তাঁকে 'পূর্ববঙ্গের বিদ্যাসাগর', 'বঙ্গের কার্লাইল' ও 'বঙ্গের এমারসন' উপাধি প্রদান করা হয়। তিনি 'বঙ্গীয় সাহিত্য পরিষদ'-এর সহ-সভাপতি ছিলেন। তাঁর জ্ঞানের মাহাত্ম্যে মুগ্ধ হয়ে ইংরেজ সরকার তাঁকে 'রায়বাহাদুর' ও 'সি আই ই' উপাধিতে ভূষিত করে। তৎকালীন প্রবন্ধ রচয়িতাবৃন্দের মধ্যে তাঁর স্বতন্ত্র চিন্তা-ভাবনা ও সুউচ্চ অবস্থান সম্বন্ধে আলোকপাত করাই এই প্রবন্ধের মূল উদ্দেশ্য।

উনিশ শতকে পূর্ববঙ্গের সাহিত্যগগনে প্রধান যে নক্ষত্র উদ্ভাসিত হয় তাঁর নাম কালীপ্রসন্ন ঘোষ (১৮৪৩-১৯১০)। তিনি অক্ষয়-ঈশ্বর পর্বে বিশিষ্ট প্রবন্ধকারদের অন্যতম। গভীর চিন্তাশীল ও সামাজিক কল্যাণনিষ্ঠ চিন্তাগর্ভ প্রবন্ধ রচনাই ছিল তাঁর মুখ্য উদ্দেশ্য। ইংরেজি ভাষায় সুশিক্ষিত কালীপ্রসন্ন ঘোষ সংস্কৃত ভাষা ও সাহিত্যেও সুপণ্ডিত হিসেবে খ্যাত ছিলেন। তাঁর তৎসম শব্দপূর্ণ গুরুগম্ভীর গদ্যরীতি বিদ্যাসাগরের গদ্যরীতির অনুরূপ। বিদ্যাসাগরী গদ্যের প্রভাব অনুভূত হলেও তাঁর রচনার মধ্যে নিজস্ব স্বাতন্ত্র্য লক্ষ করা যায়। তিনি শিক্ষা, সমাজ, সাহিত্য, দর্শন, নীতি, ধর্ম, চরিতকথা, আত্মতত্ত্ব প্রভৃতি বিষয় নিয়ে প্রবন্ধ লিখেছেন।[১]

তাঁর অনন্য কীর্তি ছিল রুচিশীল ও সৃষ্টিশীল সাহিত্য পত্রিকা 'বান্ধব' সম্পাদনা। মননশীল, চিন্তাগর্ভ ও পাশ্চাত্য চিন্তা-চেতনাপ্রসূত রচনার জন্য তাঁকে 'পূর্ববঙ্গের বিদ্যাসাগর' এবং 'বঙ্গের কার্লাইল' নামেও অভিহিত করা হয়েছিল। ড. সুকুমার সেন বলেন :

> তবে তাঁহার গদ্য নিবন্ধগুলি এবং সমালোচনাসমূহ সমধিক প্রসিদ্ধ। ইনি বিদ্যাসাগরী রীতি উত্তমরূপে আয়ত্ত করিয়াছিলেন বলিয়া 'পূর্ববঙ্গের বিদ্যাসাগর' খ্যাতি লাভ করিয়াছিলেন।[২]

কালীপ্রসন্ন ঘোষ ১৮৪৩ সালের ২৩ জুলাই তৎকালিন ঢাকা জেলার বিক্রমপুর পরগনার ভরাকর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ছিলেন পুলিশ ইন্সপেক্টর শিবনাথ ঘোষ। তাঁর পূর্বপুরুষ মকরন্দ ঘোষকে বল্লাল সেন আনেন কান্যকুব্জ থেকে। তিনি বাখরগঞ্জে বসতি স্থাপন করেন। পরবর্তীকালে তাঁর

* **এস এম মেহেদী হাসান**
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা কমার্স কলেজ

'উনবিংশতি পুরুষ' গোপালকৃষ্ণ ও প্রাণকৃষ্ণ ভরাকর গ্রামে বসতি স্থাপন করেন। তাঁর মা ও স্ত্রীর নাম জানা যায়নি। তাঁর দুই পুত্র সত্যপ্রসন্ন ও সারদাপ্রসন্ন ঢাকার সমাজে সুপ্রতিষ্ঠিত ব্যক্তি ছিলেন। কালীপ্রসন্ন ঘোষের ছিল অসাধারণ স্মরণ শক্তি। এ প্রসঙ্গে হরিমোহন মুখোপাধ্যায় লিখেন:

> কালীপ্রসন্ন যে ভবিষ্যতে বিশেষ কৃতী ও যশস্বী ব্যক্তি হইয়া দেশের মুখোজ্জ্বল করিবেন, বাল্যকালেই তাহার নির্দশন পাওয়া গিয়াছিল।[৩]

কালীপ্রসন্নের বাবা ছিলেন অত্যন্ত গোঁড়া ও ধার্মিক। তিন বৎসর বয়সে তাঁকে ফারসি শেখার জন্য মক্তবে পাঠানো হয়। তিনি অসাধারণ মেধাবী ছিলেন। মাত্র সাত বৎসর বয়সে তিনি সংস্কৃত ব্যাকরণের অনেকগুলি শ্লোক ও কয়েকটি ফারসি পুস্তক আয়ত্ত করেন। ছেলেবেলা থেকে তাঁর ইংরেজি শেখার প্রতি ছিল প্রবল আগ্রহ। আট বছর বয়সে তিনি বরিশাল মিশনারি স্কুল ও সরকারি স্কুলে ইংরেজি বিদ্যা লাভ করেন। দশ বছর বয়সে ভর্তি হন ঢাকার কলেজিয়েট স্কুলে। এন্ট্রান্স ক্লাসে মুগ্ধবোধ, রঘুবংশ, মেঘদূত, ভট্টি প্রভৃতি গ্রন্থ পাঠ করেন।[৪] ১৮৫৭ সালে তিনি প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণ করেন। এ বয়সেই তাঁর প্রথাগত শিক্ষার প্রতি অনীহা ও সংস্কৃত ধ্রুপদী সাহিত্যের প্রতি আগ্রহের সৃষ্টি হয়েছিল। সে কারণে তিনি কলকাতায় বিভিন্ন পণ্ডিতের নিকট উত্তমরূপে ইংরেজি ও সংস্কৃত ভাষা শিখেন। এছাড়াও সাহিত্য, ধর্ম, দর্শন ও ইতিহাস বিষয়ে তিনি বিশেষ জ্ঞান অর্জন করেন। বাইশ বছর বয়সে ঢাকায় ফিরে এসে তিনি মাসিক দেড়শত টাকা বেতনে ছোট আদালতের হেড ক্লার্ক হিসেবে কর্মজীবন শুরু করেন। যৌবনের প্রারম্ভে সাহিত্যিক হিসেবে নয়, বাগ্মী হিসেবেই তাঁর খ্যাতি ছড়িয়ে পড়ে। কলকাতার ভবানীপুরে এক সাহিত্য সভায় অনর্গল তিন ঘণ্টা ইংরেজিতে বক্তৃতা প্রদান করে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ও রেভারেন্ড ডালের প্রশংসা লাভ করেন। রেভারেন্ড ডালের উপদেশে তিনি মাতৃভাষায় সাহিত্যচর্চা শুরু করেন। অগাধ পাণ্ডিত্যের স্বীকৃতি হিসেবে বঙ্গদেশের পণ্ডিত সমাজ তাঁকে 'বিদ্যাসাগর' উপাধি দ্বারা অলংকৃত করেন।[৫] ১৯১০ সালে ৬৭ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন। অক্ষয়চন্দ্র সরকার তাঁর স্মৃতিকথায় লিখেন :

> পিতা যখন প্রথম ঢাকায় গেলেন, তখন সাহিত্যরথী শ্রীযুক্ত কালীপ্রসন্ন ঘোষ সরকারী চাকরী করিতেছিলেন। তিনি সর্বদাই পিতার কাছে আসিতেন। সাহিত্য, অসাহিত্য, অনেক বিষয়েই পরামর্শ গ্রহণ করিতেন। বান্ধবের প্রসারে কালীপ্রসন্ন বাবুর কীর্তি প্রসারিত হয়েছিল। তিনি বঙ্গের সর্বত্র কীর্তিমান বলিয়া প্রথিত হইলেন।[৬]

বাঙালির সমাজ, ধর্ম, সংস্কৃতি, রাজনীতি, দর্শন ও মনন সাধনার ইতিহাসে উনিশ শতক একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। এই শতকেই উদ্ভব হয় অনেক ধর্মীয় ও সামাজিক আন্দোলন। যা বাঙালির চিন্তা-চেতনায় সুদূরপ্রসারি প্রভাব বিস্তার করে। এই মানবকেন্দ্রিক চিন্তাধারা থেকেই সৃষ্টি হয় ব্রাহ্ম সমাজের। রাজা রামমোহন রায় সাম্যধর্মের মহান উদ্দেশ্যকে সামনে রেখে ১৮২৮ সালে ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠা করেন। অতিশীঘ্র তার ধর্মসংস্কার আন্দোলন সামাজিক আন্দোলনে রূপ নেয়। ব্রাহ্ম আন্দোলনের বিষয় ছিল কৌলীন্য প্রথা, সতীদাহ প্রথা, বাল্যবিবাহ, বহুবিবাহ ও অন্যান্য বর্বরোচিত সামাজিক কুসংস্কারের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ। এই মতবাদ প্রচারের জন্য রামমোহন রায় (১৭৭২-১৮৩৩) 'সংবাদ কৌমুদী' পত্রিকা প্রকাশ করেন। এ প্রসঙ্গে ড. আব্দুর রহিম বলেন :

> রামমোহন তাঁর মতবাদ প্রচারের জন্য ১৮২১ সনে 'সংবাদ কৌমুদী' নামে একটি সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করেন। এই পত্রিকার উদ্দেশ্য ছিল ধর্মীয়, নৈতিক, রাজনৈতিক ইত্যাদি বিষয়ে খবরাখবর চিন্তাধারা পরিবেশন করা।[৭]

সমসাময়িক ইউরোপের জাতীয়তাবাদী আন্দোলন ও বুদ্ধিজীবীদের চিন্তাধারার মাধমে এদেশেও জাতীয়তাবাদী মনোভাব জাগিয়ে তুলতে রামমোহন ১৮২২ সনে ফারসি ভাষায় 'মীরাৎ-উল-আখ্‌বার' (খবরের আয়না) নামে আরো একটি পত্রিকা প্রকাশ করেন। পরবর্তী সময়ে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের হাতে ব্রাহ্ম আন্দোলন গতিশীলতা লাভ করে। এ সময় সামাজিক ও রাজনৈতিক আন্দোলনগুলো গড়ে উঠেছিল মূলত কলকাতাকে কেন্দ্র করে, যার প্রভাব পূর্ববঙ্গেও ধ্বনিত হয়।

কালীপ্রসন্ন ঘোষ পূর্ববঙ্গ ব্রাহ্ম সমাজের সাথে যুক্ত ছিলেন। ইংরেজি শিক্ষার কারণে তাঁর মনে একটি শুদ্ধ সত্তার জন্ম হয়। প্রথম দিকে ব্রাহ্ম্য সমাজের কর্মকাণ্ডে যুক্ত থাকলেও শেষজীবনে তিনি সনাতন ধর্মে ফিরে যান। ১৮৬৩ সালে ঢাকায় ব্রাহ্মরা 'ঢাকা ব্রাহ্ম স্কুল' নামে একটি স্কুল খোলেন। কালীপ্রসন্ন ছিলেন এ স্কুলের সম্পাদক। এছাড়াও তিনি ব্রাহ্ম সমাজের 'শুভসাধিনী' সভার সঙ্গে যুক্ত ছিলেন। এই সভার মুখপত্র ছিল 'শুভসাধিনী' পত্রিকা। পত্রিকাটি প্রায় চার বছর টিকে থাকে। এ প্রসঙ্গে ড. মুনতাসির মামুন বলেন :

> এই সভার মুখপত্র হিসেবে ১৮৭১ সালে প্রকাশিত হয়েছিল সাপ্তাহিক শুভসাধিনী, পত্রিকার মূল্য ছিল এক পয়সা। ব্রজেন্দ্রনাথ উল্লেখ করেছেন পত্রিকার সম্পাদক ছিলেন কালীপ্রসন্ন ঘোষ।[৮]

উনিশ শতক ছিল মানব সভ্যতার ইতিহাসে এক সৃষ্টিশীল চিন্তাধারা ও আবিষ্কারের যুগ। এই শতকে ইউরোপের উদারনৈতিক চিন্তাধারা, জাতীয়তাবাদ ও গণতন্ত্রের বিকাশ বাংলাতেও এসে লাগে। প্রগতিশীল চিন্তা ব্রাহ্ম আন্দোলনের মধ্য দিয়ে দেবেন্দ্রনাথ ঠাকুর ও কেশবচন্দ্র সেনের মাধ্যমে সর্বত্র ছড়িয়ে পড়ে। বাংলার নবজাগরণে রামমোহনের উত্তরসূরি ছিলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তিনি মানব মুক্তির জন্য এই আন্দোলনকে আরো জোরদার করেন। এই নবজাগরণ সাহিত্যক্ষেত্রেও অনুভূত হয়েছিল। সাহিত্যিকগণ মাতৃভাষা চর্চায় আত্মনিয়োগ করে বাঙালিদের মধ্যে দেশাত্মবোধ, জাতীয়চেতনা ও সাম্যবাদের আদর্শ বিস্তার করেন। বাঙালি প্রধানত ধর্মপ্রবণ, শাস্ত্রানুগত, আধ্যাত্মিক ভাবাপন্ন হলেও পাশাপাশি ধর্মনিরপেক্ষ, বস্তুবাদী ও ঐহিক চেতনায় বিশ্বাসী। উনিশ শতকের বিভিন্ন সংস্কার আন্দোলন তখনকার শিক্ষিতজনের মননে ব্যাপক প্রভাব বিস্তার করে। এ প্রসঙ্গে ড. এম. মতিউর রহমানের ভাষ্য :

> উনিশ শতকের বাঙালির দর্শনচিন্তায় মানুষ ও সমাজের স্বরূপ অনুসন্ধান তাই নিছক তত্ত্বালোচনার সীমারেখা অতিক্রম করে বাস্তব জীবনমুখী হয়ে উঠেছে। বস্তুত আদর্শ জীবনচর্চাটাই সে যুগের বাঙালির দার্শনিক তত্ত্বালোচনার লক্ষ্য এবং এই সেই লক্ষ্যেই ঘটেছে উত্তরণ।[৯]

উনিশ শতকের প্রবল আধুনিকতাবোধ ও মানবিকবোধ কালীপ্রসন্ন ঘোষের মানস গঠনে প্রভাব বিস্তার করে। যা তাঁর প্রতিটি লেখার বিষয়বস্তুতে প্রতিভাত হয়।

কালীপ্রসন্ন ঘোষ বিবিধ বিষয়ে প্রবন্ধ রচনা করেন। তাঁর অধিকাংশ প্রবন্ধ স্ব-সম্পাদিত 'বান্ধব' পত্রিকায় প্রকাশিত হয়। 'সাহিত্য সমালোচনী সভা' নামে একটি সাহিত্য আলোচনা চক্রও তিনি প্রতিষ্ঠা করেন। পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ ও সভায় পঠিত প্রবন্ধগুলোই ভিন্ন ভিন্ন গ্রন্থ হিসেবে পরবর্তীকালে প্রকাশিত হয়। তাঁর রচিত গ্রন্থের সংখ্যা প্রায় ৯টি। এছাড়া আরো কয়েকটি গ্রন্থ তিনি সম্পাদনা করেন।[১০]

তাঁর লিখিত গ্রন্থসমূহের মধ্যে রয়েছে *নারী জাতি বিষয়ক প্রস্তাব* (১৮৬৯), *সমাজশোধনী* (১৮৭২), *প্রভাত চিন্তা* (১৮৭৭), *নিভৃত চিন্তা* (১৮৮৩), *ভক্তির জয় অথবা হরিদাসের জীবনযজ্ঞ* (১৮৯৫), *নিশীথ চিন্তা* (১৮৯৬), *মা না মহাশক্তি* (১৯০৫), *জানকীর অগ্নিপরীক্ষা* (১৯০৫), *ছায়াদর্শন* (১৯১০), *প্রমোদ লহরী অথবা বিবাহ রহস্য* (১৮৯৪), *কোমল কবিতা* (১৮৮৮) ও আধ্যাত্মিক গানের বই *সঙ্গীতমঞ্জুরী*। এছাড়া *ব্যবস্থাসার* (১৮৮৫), *অঞ্জলি* (১৮৯২), *ভারতবর্ষের ইতিহাস* (১৯০৯), *আদর্শ* (পাঠ্যপুস্তক),

সুপ্রভাত (পাঠ্যপুস্তক) ইত্যাদি বই তিনি সম্পাদনা করেন। *বান্ধব* পত্রিকা প্রকাশের পর তাঁর খ্যাতি প্রতিপত্তি আরো বৃদ্ধি পায়। সারদাচরণ ঘোষ তাঁর অপ্রকাশিত আত্মজীবনীতে লিখেন :

> তখন কালীপ্রসন্ন ছোট আদালতের হেডক্লার্ক, কিন্তু অসাধারণ বাগ্মী এবং লেখক বলিয়া তাঁহার অসাধারণ নাম এবং ঢাকায় অখণ্ড প্রতিপত্তি।[১১]

বান্ধব পত্রিকার প্রকাশের জন্য কালীপ্রসন্ন ঘোষ সেসময় লোভনীয় চাকুরির প্রস্তাব ফিরিয়ে দেন। ভাওয়ালের জমিদার কালীনারায়ণের বিশেষ অনুরোধে তিনি ১৮৭৭ সালে ভাওয়ালের প্রধান অমাত্য হিসেবে কাজে যোগ দেন। দীর্ঘ চব্বিশ বছর তিনি এই পদে চাকুরি করেন। জয়দেবপুরে তিনি 'সাহিত্য সমালোচনী সভা' নামে একটি সভা গড়ে তোলেন। এই সভার সভাপতি হন ভাওয়ালের রাজকুমার রাজেন্দ্র নারায়ণ।

কালীপ্রসন্ন ঘোষ ছিলেন মূলত গদ্যশিল্পী। গদ্য রচনার মধ্য দিয়েই তাঁর সাহিত্যচর্চা শুরু। প্রথমে তিনি 'পার্কারের জীবনচরিত ও আমেরিকার সভ্যতা' নামে প্রায় ৫০০ পৃষ্ঠার একটি গ্রন্থ রচনা করেন। কিন্তু দুর্ভাগ্যবশত গ্রন্থের পাণ্ডুলিপি অপহৃত হওয়ায় তা আর প্রকাশিত হয়নি।[১২] মাত্র পঁচিশ বছর বয়সে তিনি *নারীজাতি বিষয়ক প্রস্তাব* (১৮৬৯) নামে একটি পুস্তক প্রকাশ করেন যা নিয়ে তৎকালীন *পেট্রিয়ট* পত্রিকায় একটি সমালোচনা প্রকাশিত হয়। এ প্রসঙ্গে বলা হয় :

> বাঙ্গালা পদ্যে মধুসূদনের দ্বারা যেরূপ সংস্কার সংঘটিত হইয়াছে, 'নারী জাতি বিষয়ক প্রস্তাব' এর রচয়িতার দ্বারা বাঙ্গালা গদ্যে সেরূপ এক পরিবর্তন ও সংস্কার সংশোধিত হইবে।[১৩]

১৮৬৯ সালের ৫ ডিসেম্বর কলকাতা থেকে প্রকাশিত বইটির ভূমিকায় বলা হয়েছে যে,

> ইহা কোন পুস্তক বিশেষ অবলম্বন করিয়া লিখিত হয় নাই। কিন্তু যে সকল ঐতিহাসিক বিবরণ ইহাতে সন্নিবেশিত হইয়াছে তৎসমুদয়ই ইংল্যান্ড ও আমেরিকায় নানাবিধ পুস্তক ও প্রবন্ধ হইতে সংগৃহীত এবং কতিপয় প্রধান ব্যক্তির বাক্যও ইহার স্থানে অনুবাদিত হইয়াছে।[১৪]

যেহেতু তিনি এ সময় ব্রাহ্মধর্মের প্রতি অনুরক্ত ছিলেন, সেহেতু ব্রাহ্ম দৃষ্টিকোণ থেকে তাঁর নারী মুক্তি বিষয়ক চিন্তাভাবনাকেই তিনি এই বইয়ে তুলে ধরেন। সম্ভবত তৎকালীন ব্রাহ্মদের নারী কল্যাণের গুরুত্ব অনুভব করে এ বিষয়টিকে তিনি অগ্রাধিকার দেন। কৌলীন্য প্রথার সমালোচনা করে তিনি ১৮৭২ সালে *সমাজশোধনী* নামে আরো একটি পুস্তক রচনা করেন। তাঁর *সঙ্গীত মঞ্জুরী* (১৮৭২) বইটি ছিল ব্রাহ্ম ধর্মের ভক্তি রসাত্মক সংগীতের একটি সংকলন।

১৮৭৭ সালে *প্রভাত চিন্তা* প্রকাশিত হলে তিনি সুধীসমাজে বিশেষ প্রশংসা লাভ করেন। বইটি ভাওয়ালের রাজকুমার রাজেন্দ্র নারায়ণ রায়কে উৎসর্গ করা হয়। *প্রভাত চিন্তা* বারোটি প্রবন্ধের সংকলন। প্রবন্ধগুলো হলো - নীরব কবি, অভিমান, মনুষ্যের জীবন চরিত, ভালবাসে কে?, লোকারণ্য, রাজা ও প্রজা, নিন্দুকের এত নিন্দা কেন?, রিশিলু, বিনয়ে বাধা, সাধনা ও সিদ্ধি।

পরবর্তীতে তিনি *নিভৃত চিন্তা* (১৮৮২) ও *নিশীথ চিন্তা* (১৮৯৬) নামে দুটি গ্রন্থ প্রকাশ করেন। এ দুটি বইয়ের বেশিরভাগ প্রবন্ধ প্রথমে *বান্ধব*-এ প্রকাশিত হয়। *নিভৃত চিন্তা* লেখকের মোট ৯টি প্রবন্ধের সংকলন। প্রবন্ধগুলো হলো - অমৃত, ঐহিক, অমরতা, বিরাট পুরুষ, রাজা ও রাজশক্তি, জীবনের ভার, মহত্ত্ব ও মিতব্যয়, লোকরঞ্জন, অশ্রুজল, আগুন আর আকাঙ্ক্ষা, সাহিত্য ও জাতীয় বিকাশ। *নিভৃত চিন্তার* অন্তর্ভুক্ত 'অশ্রুজল' প্রবন্ধে তিনি অশ্রুজলের গভীর তাৎপর্য উল্লেখ করেছেন। এই মর্মে কালীপ্রসন্ন ঘোষ লিখেছেন :

> বুদ্ধি জ্ঞান দান করিতে পারে; বিবেক নির্ম্মল-চেতা নির্ভীক সুহৃজ্জনের ন্যায়নীতির দুর্গম পথ প্রদর্শন করিতে পারে; কিন্তু তৃষ্ণায় তৃপ্তিদান করিতে, জ্বালা ও বেদনায় শান্তি দিতে এবং শান্তি যখন আশাতীত ও অসম্ভব হয় তখন সহানভূতির অমৃত স্পর্শে প্রাণ জুড়াইতে মানবজগতে একমাত্র বস্তু মনুষ্যহৃদয়। অশ্রুধারা সেই মনুষ্য হৃদয়ের জীবনীময়ী নির্ঝরিনী।[১৫]

নিশীথ চিন্তা (১৮৯৬) বইটি ১৮০ পৃষ্ঠার একটি সংকলন। রাত্রিকাল, নদীর জল, দুঃখে সুখ, তারা আর ফুল, বিরহ, আশার ছলনা, চন্দ্রবদন প্রভৃতি এই গ্রন্থের প্রবন্ধ। এই গ্রন্থে সন্নিবদ্ধ প্রবন্ধগুলি প্রধানত কালীপ্রসন্নের দার্শনিক মনের পরিচয় প্রকাশ করে। কালীপ্রসন্ন ইহার বিভিন্ন প্রবন্ধের মধ্য দিয়ে মনোজগতের রহস্যগূঢ় ক্ষেত্র অনুন্ধান করিয়াছেন। [১৬]

উপর্যুক্ত তিনটি প্রবন্ধ গ্রন্থ ছাড়া আরও দুটি প্রবন্ধ গ্রন্থ প্রকাশিত হয় *ভ্রান্তিবিনোদ* (১৮৮১) এবং *প্রমাদে লহরী* বা *বিবাহরহস্য* (১৮৯৪) নামে। *ভ্রান্তিবিনোদ* গ্রন্থটি ১৪টি প্রবন্ধর সংকলন। জ্ঞানানন্দ সরস্বতী নামে তিনি *বান্ধব*-এ প্রবন্ধগুলি লিখেন। কালীপ্রসন্নের এই গ্রন্থটি সাহিত্যের স্বতন্ত্র মানদণ্ডে বিচার্য।[১৭] প্রবন্ধগুলো হল-রসিকতা ও রসের কথা, স্বার্থপরতার সূক্ষ্মভেদ, চাটুকার ও ষটকারক, সামাজিক নিগ্রহ, চোরচরিত, প্রচলিত ও অপ্রচলিত মিথ্যাকথা, কারারুদ্ধ ধর্ম্ম, দেবতার বাহন, ব্যুৎপত্তিবাদ, মানবজীবন, দিগন্তমিলন। এই গ্রন্থের 'সামাজিক নিগ্রহ' প্রবন্ধে সামাজিক প্রথার সমালোচনা প্রসঙ্গে বলা হয়েছে -

> দেশাচার, কুলাচার ও ভদ্রাচার নামে যত প্রকার আচার ব্যবহার সমাজ কর্তৃক ব্যবস্থাপিত হইয়াছে, তাহার অধিকাংশই কোনো না কোনো অংশে মনুষ্যের নিগ্রহ স্বরূপ।[১৮]

প্রমোদ লহরী (১৮৯৪) ৫টি প্রবন্ধের সংকলন। ১৮৩ পৃষ্ঠার এ বইটিতে বিবাহ (প্রলাপ), বিবাহ (ব্যাকরণ রহস্য), ঘোমটা, মুখরা ভার্য্যা অথবা গৃহিনীরোগ, বিবাহ কত প্রকার নামে প্রবন্ধকালো ছাপা হয়। হিন্দু ধর্মে ফিরে যাওয়ার পর তিনি যেসব বই রচনা করেন তাতে ভক্তিবাদের প্রচার, আবেগ ও রক্ষণশীলতা বিদ্যমান ছিল। প্রথম দিককার প্রবন্ধগুলোতে বিশেষ গদ্যরীতি, উদার মনোভঙ্গী ও যুক্তির প্রগারতায় সম্ভ্রান্ত শ্রেণির দৃষ্টি আকর্ষণ করে। আরো অনেক পরে তিনি অধ্যাত্মবাদী সাহিত্য রচনায় মনোনিবেশ করেন। *কোমল কবিতা* (১৮৮৮) শিশুদের জন্য রচিত ৩০টি কবিতার সংকলন। তাঁর বিখ্যাত কবিতার অংশবিশেষ :

> পারিব না এ কথাটি বলিও না আর
> কেন পারিবে না তাহা ভাব একবার?

জানকীর অগ্নিপরীক্ষা (১৯০৫) গ্রন্থের উপশিরোনামে ছিল 'কাব্য ইতিহাস বিজ্ঞান'। এই বইয়ের বিজ্ঞাপনে লেখা ছিল - ''জানকীর অগ্নিপরীক্ষা সংক্রান্ত আশ্চর্য্য বৃত্তান্ত ভারতীয় ইতিহাসের এক উজ্জ্বলতম পরিচ্ছদ। ... আমি কখনও ভক্তির সে উচ্চগ্রাম ও অমৃতময় দাসে আরূঢ় হইয়া, ইহা লিখিবার আশা করি নাই। কেবল কথাটি, সরলভাবে ও সরলভাষায়, সর্বজনবোধ্য প্রণালীতে বুঝাইবার জন্য যত্নপর হইয়াছি।"[১৯]

ভক্তির জয় বা *হরিদাসের জীবনযজ্ঞ* ১৮৯৫ সালে ঢাকায় প্রকাশিত হয়। এতে ঠাকুর হরিদাসের ভক্তিলীলাত্মক বিচিত্র জীবনের কথা বর্ণিত হয়েছে। *মা না মহাশক্তি* (১৯০৪) গ্রন্থের প্রবন্ধগুলিতে তিনি জগতের মূল কারণ যে মহাশক্তি, তা যে জড় শক্তি নয় - তাই প্রতিপন্ন করেছেন। তাঁর ভক্তিভাবের আলোচনায় জগৎময়ী শক্তির মাহাত্ম্য দেখিয়েছেন। এ গ্রন্থের পর্যালোচনায় পাশ্চাত্য মনীষী হার্বার্ট স্পেনসারের লিখিত ফার্স্ট প্রিন্সিপলস্ (First Principles) গ্রন্থের প্রভাব লক্ষ করা যায়। জ্ঞানভক্তি প্রাচ্য ও পাশ্চাত্য ধর্মদর্শন, বৈষ্ণব ও তান্ত্রিক মতের মধ্যে সমন্বয় সাধনের চিন্তা আজীবন তাঁকে আচ্ছন্ন

করে রাখে। এ বিষয়ে কালীপ্রসন্ন ঘোষ অধ্যাত্ম চিন্তার পক্ষে বলেন -

> আগে বিজ্ঞান গাইত এক গীত, ভক্তি গাইত আর এক গীত, বিজ্ঞানের কণ্ঠে ছিল সুর, ভক্তির কণ্ঠে ছিল আর এক সুর। এখন বিজ্ঞান আর ভক্তি প্রেমবদ্ধ দম্পত্তির মত এক প্রাণ হইয়া, একে অন্যের কণ্ঠস্বরে সুর মিশাইয়া, মনুষ্যমাত্রকেই কহিতেছে- মনুষ্য তুমি নয়ন মেলিয়া নিরীক্ষণ কর, এই অনন্ত জগতের অনন্ত সৌন্দর্য্য সেই রাগিনীরই অনুপম রূপের আভা ও প্রতিভামাত্র।[২০]

ছায়াদর্শন (১৯১০) গ্রন্থটিতে কালীপ্রসন্ন ঘোষ জটিল রহস্যময় অধ্যাত্মমূলক তত্ত্ব আলোচনা করেছেন। আত্মার স্বরূপ ও প্রকৃতি, মৃত্যুর পর মানুষের আত্মার গতি ও প্রকৃতি বা ক্রিয়া-প্রক্রিয়া ইত্যাদি সম্পর্কে তিনি গভীর চিন্তা, অনুধ্যান ও অনুশীলন করেন। এছাড়াও তিনি *অঞ্জলি* (১৮৯২), *ব্যবস্থাসার* (১৮৮৫), *ভারতবর্ষের ইতিহাস* (১৯০৯) *আদর্শ* (পাঠ্যপুস্তক), *সুপ্রভাত* (পাঠ্যপুস্তক) ইত্যাদি গ্রন্থ রচনা করেন। কালীপ্রসন্ন ঘোষের জীবনের অবিস্মরণীয় কীর্তি *বান্ধব* (১৮৭৪) পত্রিকার প্রকাশ। কর্মজীবনের শুরুতেই তিনি ঢাকার সামাজিক, সাংস্কৃতিক ও সাহিত্যিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েন। ১২৮৩ বঙ্গাব্দ পর্যন্ত পত্রিকাটি নিয়মিত তিন বৎসর প্রকাশিত হয়। এর ১ম সংখ্যাটি প্রকাশের পরপরই সুধী মহলে ব্যাপক আলোড়নের সৃষ্টি হয়। তখনকার *গ্রামবার্তা প্রকাশিকা*, *জ্ঞানাঙ্কুর*, *সাপ্তাহিক সমাচার*, *বঙ্গদর্শন* ও *তত্ত্ববোধিনী* পত্রিকায় এর ভূয়সী প্রশংসা করা হয়। এ সময়ে *বঙ্গদর্শন* পত্রিকার সমালোচনাটিও ছিল বিশেষ গুরুত্বপূর্ণ :

> ইহা একখানি উৎকৃষ্ট মাসিকপত্র। পশ্চিম বাঙ্গালায় অনেকগুলি উৎকৃষ্ট মাসিকপত্র প্রকাশিত হইতেছে, কিন্তু পূর্ব্ব বাংলার সেরূপ ছিল না। ঢাকা হইতে এই উৎকৃষ্ট মাসিক পত্রের প্রকাশারম্ভ হইয়াছে দেখিয়া, আমরা বিশেষ প্রীতি লাভ করিয়াছি। পত্র আকারে ক্ষুদ্র হইলেও গুণে অন্য কোন পত্রাপেক্ষা লঘু বলিয়া আমাদিগের বোধ হইল না। রচনা অতি সুন্দর এবং লেখকদিগের চিন্তাশক্তি অসামান্য। ইহা যে বাংলার একখানি সর্বোৎকৃষ্ট পত্র মধ্যে গণ্য হইবে, তদ্বিষয়ে আমাদের সংশয় নাই।[২১]

বান্ধব পত্রিকা প্রকাশের পূর্বে তিনি *সাপ্তাহিক শুভসাধিনী* নামে এক পয়সা মূল্যের একটি পত্রিকা সম্পাদনা করতেন। ভাওয়ালে চাকরি নিয়ে চলে গেলে *বান্ধব* প্রকাশ অনিয়মিত হয়ে পড়ে। কিছুদিন এর প্রকাশনা বন্ধও থাকে। প্রথম পর্যায়ে পত্রিকাটি চলে এগারো বছর, দ্বিতীয় পর্যায়ে প্রকাশনা শুরু হয় ১৯০২ সালে। টিকে থাকে পাঁচ বছর।

বান্ধব পত্রিকার প্রথম সংখ্যায় বিভিন্ন বিষয়ে প্রবন্ধ লেখা হয়, যেমন - বঙ্গের ইতিবৃত্ত ঘটিত কথা (১ম খণ্ড), বাঙ্গালীর সিংহল বিজয়, বাঙালীর সামাজিক জীবন ইত্যাদি। *বান্ধব* পত্রিকায় *বঙ্গদর্শন* পত্রিকার আদলে নিয়মিত সাহিত্য সমালোচনা বিষয়ে প্রবন্ধ প্রকাশিত হতে থাকে, যেমন সমালোচক ও সমালোচনা, কাব্য ও পাঠক, লেখক, পাঠক ও সমালোচক, গদ্যবাক্য ও ছন্দ ইত্যাদি।[২২]

১২৮১ এর মাঘ সংখ্যায় 'রবীন্দ্রনাথের হোক ভারতের জয়' নামে একটি কবিতা ছাপা হয়। তখন রবীন্দ্রনাথ মাত্র ১২ বছরের বালক। ঢাকার আরমানিটোলায় *বান্ধব* পত্রিকার অফিস ছিল কালীপ্রসন্ন ঘোষের নিজের বাড়ি 'বান্ধব কুটির'। *বান্ধব* পত্রিকার মাঘ ১২৮৫ সংখ্যায় রবীন্দ্রনাথের 'কবি কাহিনী'-র একটি বিস্তৃত সমালোচনা প্রকাশিত হয়। এই পত্রিকায় তিনি কল্যাণভট্ট শর্ম্মণ, কালীবর, বেদান্তবাগীশ, উদাসীন শীল, ভোলানাথ সন্ন্যাসী, জ্ঞানানন্দ সরস্বতী ইত্যাদি বিভিন্ন ছদ্মনামে লিখতেন। পরবর্তীতে এই পত্রিকায় তাঁর প্রায় ৭০টি রচনা প্রকাশিত হয়।[২৩]

পূর্ববাংলার প্রতিষ্ঠিত ও উদীয়মান সাহিত্যিকেরা এই পত্রিকায় নিয়মিত লিখতেন। নবীনসেন, কেদারনাথ মজুমদার, দীনেশচরণ বসু, সারদাচরণ ঘোষ, কৈলাসচন্দ্র সিংহ এদের মধ্যে অন্যতম। *বান্ধব* পত্রিকা ঘিরে সাহিত্য সমালোচনা ও সৃষ্টধর্মী সাহিত্যের একটি সুন্দর পরিমণ্ডল গড়ে ওঠে যার প্রভাবে বাংলা

সাহিত্যে এক নবযুগের সূচনা ঘটে। পত্রিকাটির ১ম সংখ্যায় পত্রিকা প্রকাশের উদ্দেশ্য সম্পর্কে কালীপ্রসন্ন ঘোষ বলেন -

> বাংলার প্রতি যাহাতে বাঙালীর অনুরাগ বৃদ্ধি পায় এবং স্বদেশ বলিয়া যাহাতে দেশীয়দিগের মনে মমতার সঞ্চার হয়, অবশ্যই তদর্থে ইহার নিয়ত চেষ্টা থাকিবে।[২৪]

কালীপ্রসন্ন ঘোষ মূলত স্বদেশপ্রেম ও মাতৃভাষার অনুরাগকল্পে *বান্ধব* প্রকাশ করেন। পত্রিকাটি প্রথমদিকে নিয়মিত প্রকাশিত হয়। বিভিন্ন পর্যায়ের প্রকাশ সাল ও সংখ্যা নিম্নে তুলে ধরা হলো - [২৫]
১ম বর্ষ-১২৮১-আষাঢ়-চৈত্র; ২য় বর্ষ-১২৮২-বৈশাখ-চৈত্র; ৩য় বর্ষ-১২৮৩-বৈশাখ-চৈত্র; ৪র্থ বর্ষ-১২৮৫; ৫ম, ৬ষ্ঠ, ৭ম বর্ষ-১২৮৭, ১২৮৮, ১২৮৯; ৯ম বর্ষ-১২৯২- বৈশাখ-আশ্বিন-১২১৩-কার্তিক-চৈত্র; ১০ম বর্ষ-১২৯৪; ১১শ বর্ষ-১২৯৫;
[নব পর্যায়] ১ম বর্ষ-১৩০৮ ফাল্গুন-১৩০৯ মাঘ, ২য় বর্ষ-১৩১০- বৈশাখ-চৈত্র; ৩য় ও ৪র্থ বর্ষ-১৩১১, ১৩১২; ৫ম বর্ষ-১২১৩ বৈশাখ-ভাদ্র।
উনিশ শতকে ঢাকা থেকে যেসব পত্রিকা প্রকাশিত হয় সেগুলোর মধ্যে কালীপ্রসন্ন ঘোষের *বান্ধব* পত্রিকা বিশেষ উল্লেখযোগ্য। একে বঙ্কিমচন্দ্রের *বঙ্গদর্শন* পত্রিকার আদর্শে প্রচারিত উচ্চাঙ্গের সাহিত্যপত্র বলে গণ্য করা হত। স্বদেশ ও মাতৃভাষার প্রতি অনুরাগ এবং রুচিশীল ও চিন্তাগর্ভ লেখার জন্য বান্ধবকে 'দ্বিতীয় বঙ্গদর্শন' বলে মনে করা হত। কালীপ্রসন্নের প্রথম পর্যায়ের প্রবন্ধসমূহ ছিল প্রধানত যুক্তিনিষ্ঠ ও বুদ্ধিপ্রধান। আর তাঁর সাহিত্য জীবনের শেষ পর্যায়ের প্রবন্ধসমূহে প্রাধান্য দেখা যায় জ্ঞান ও যুক্তির সাথে প্রবল ভক্তিবাদের। এ প্রসঙ্গে ড. অধীর দে বলেন :

> জ্ঞান ও ভক্তি, প্রাচ্য ও পাশ্চাত্য ধর্মদর্শন এবং বৈষ্ণব ও তান্ত্রিক মতের মধ্যে এক বিরাট সমন্বয় সাধনের চিন্তাই শেষজীবনে কালীপ্রসন্নের মন ও চিত্ত অধিকতর আচ্ছন্ন করিয়াছিল।[২৬]

ধর্ম বিষয়ে তাঁর কোনো প্রকার রক্ষণশীলতা বা সংকীর্ণচিত্ততার পরিচয় পাওয়া যায় না। আচার বা অনুষ্ঠানের সীমাবদ্ধ গণ্ডির মধ্যে কোনো বিশেষ আদর্শ বা বিশ্বাসের মাধ্যমে পরমপুরুষকে তিনি অনুসন্ধান করতে চাননি। বস্তুত, মানুষের সুদীর্ঘ ইতিহাস পর্যালোচনায়, বিজ্ঞানের জ্ঞানগর্ভ গবেষণায়, ব্যক্তি মানুষের মানসিক প্রত্যয়েই তিনি পরমশক্তির অমোঘ প্রভাব অনুভব করেছেন।
কালীপ্রসন্ন ঘোষ প্রথাবদ্ধ শিক্ষার পরিবর্তে বাস্তব ও জ্ঞানমুখী শিক্ষা গ্রহণে ব্রতী হয়েছিলেন। অতি অল্প বয়সে তিনি সংস্কৃত ভাষায় ব্যুৎপত্তি লাভ করেন। মাত্র তেরো বছর বয়সেই তাঁর প্রতিভার স্বাক্ষর অনুমান করা যায়। এ বিষয়ে বঙ্গভাষার লেখক গ্রন্থে বলা হয়েছে :

> এ সময়ে ঢাকা কলেজে Lewis Society নামে একটি প্রসিদ্ধ সাহিত্যিক সমিতি ছিল। কলেজের প্রফেসর শিক্ষক ও পণ্ডিতেরা সেই সমিতির সভ্য। কালীপ্রসন্ন সেই সভায় তাঁহার তের বৎসর বয়সের সময় 'পদার্থবিদ্যা' অনুশীলনের ফল এবং 'বন্ধুত্ব না হৃদয় বন্ধন' এই নামে দুইটা সুদীর্ঘ বাঙ্গালা প্রবন্ধ পাঠ করিয়া, খুব বেশি প্রশংসা পাইয়াছিলেন।[২৭]

যৌবনের শুরুতে কালিপ্রসন্ন ঘোষ ইংরেজি সাহিত্য, মনোবিজ্ঞান, নীতিবিজ্ঞান ও ধর্মতত্ত্বের ইতিহাস পাঠ করে ইংরেজি ভাষায় বিশেষ পারদর্শী হয়ে উঠেন। তিনি ছোট আদালতের হেড ক্লার্ক নিয়োজিত ছিলেন - এটা ছিল উপলক্ষ মাত্র। বেশিরভাগ সময় তিনি জ্ঞানার্জনেই ব্যয় করতেন। ক্রমান্বয়ে তিনি লেখক ও বাগ্মী হিসেবে পূর্ববঙ্গে বিখ্যাত হয়ে উঠেন। তাঁর জ্ঞান, প্রভাব ও প্রতিপত্তির জন্য তিনি অনেক প্রভাবশালী ব্যক্তির নিকট থেকে উচ্চ বেতনের চাকুরির সুযোগ পেলেও *বান্ধব* পত্রিকার কারণে তিনি সেগুলোর কোনোটিতে যোগ দেননি। পরবর্তীতে তিনি ভাওয়ালের জমিদার কালীনারায়ণের বিশেষ

অনুরোধ ভাওয়ালের প্রধান অমাত্য হিসেবে কার্যভার গ্রহণ করেন। ১৮৭৭ সালে নিয়োজিত হয়ে দীর্ঘ চব্বিশ বছর কাল তিনি এ চাকুরি করেন। এ বিষয়ে কালীনারায়ণের বক্তব্য বিশেষ প্রনিধানযোগ্য :

> আমার কার্য্যভার গ্রহণ করিলে আপনার সাহিত্য সেবার বিঘ্ন হইবে না। অথচ আমার বৃহৎ উপকার হইবে। আপনি আপনার কর্তব্যবোধ অনুসারে, যখন ইচ্ছা তখন ঢাকায় যাইতে পারিবেন এবং জয়দেবপুরে থাকিয়া ঢাকাস্থ প্রেসের তত্ত্বাবধান করিতে সুযোগ পাইবেন।[২৮]

কালীপ্রসন্ন ঘোষের চিন্তা-চেতনার জগৎ ছিল সমকালীন বিশ্বের সাথে সম্পর্কযুক্ত। বিবিধ শাস্ত্র অধ্যয়নের কারণে সমৃদ্ধ হয় তাঁর লেখার ভাণ্ডার। তাঁর ভাওয়ালে যোগদানের পর *বান্ধব* পত্রিকা সাময়িকভাবে বন্ধ হয়ে যায়। পরে নতুন পর্যায়ে পত্রিকা প্রকাশিত হতে থাকে। ভাওয়ালে যোগদান উপলক্ষে কালীপ্রসন্নের প্রভাব ও মর্যাদা উত্তরোত্তর বৃদ্ধি পায়। এ বিষয়ে পার্থ চট্টোপাধ্যায় বলেন -

> Kali Narayan made another momentous decision that would leave a permanent mark on the history of Ghosh, to come to Bhawal as manager of the estate. Kali prasanna had already made a name for himself as UeW founder editor of *Bandhob*,' the most prestigious leterary journal published from eastern Bengal, and as leading or ator in literary and debating societies in Calcutta and Dhaka.[২৯]

কালীপ্রসন্ন ঘোষ পাশ্চাত্য দার্শনিক এমারসন এবং কার্লাইলের একান্ত ভক্ত ও অনুরাগী পাঠক ছিলেন। কার্লাইলের সূক্ষ্ম গভীর দার্শনিক চিন্তার দ্বারা তিনি প্রভাবিত হন। এ জন্য তাঁকে 'বঙ্গের কার্লাইল' নামে আখ্যায়িত করা হয়। তাঁর নিজস্ব রীতির জন্য পূর্ববঙ্গের পত্র-পত্রিকাসমূহে তাঁকে 'বঙ্গের এমারসন' হিসেবেও গণ্য করা হয়। ১৮৯৯ সালে তাঁকে কলকাতায় প্রতিষ্ঠিত সাহিত্য সম্মেলনের স্থায়ী সভাপতি নির্বাচিত করা হয়। 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' তাঁকে বিশিষ্ট সদস্যপদ প্রদান করে। এ প্রতিষ্ঠানের তিনি সহকারী সম্পাদকও ছিলেন। ১৮৯৭ সালে সরকার তাকে রায় বাহাদুর খেতাবে ভূষিত করে। ১৯০৯ সালে তিনি ভূষিত হন 'সি আই ই' উপাধিতে। বাংলা প্রবন্ধ সাহিত্যের ক্ষেত্রে কালী প্রসন্নের চিন্তাগত স্বাতন্ত্র্য অনস্বীকার্য। ভাষার বিশুদ্ধ কলা চাতুর্য, বর্ণনার পরিবেশন মাধুর্য, বিষয় নির্বাচনে মৌলিকত্ব, রচনার চারুত্ব ও পরিশুদ্ধি রক্ষণে এবং উপযোগী দৃষ্টান্তের প্রাচুর্যে তাঁর প্রবন্ধ অক্ষয় কীর্তি লাভ করেছে।[৩০]

তথ্যনির্দেশ

১. ড. অধীর দে: আধুনিক বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা, (১ম খণ্ড), উজ্জ্বল সাহিত্য মন্দির, কলিকাতা, ২০০৭, পৃ. ১১৬
২. ড. সুকুমার সেন: বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ৩য় খণ্ড, আনন্দ পাবলিশার্স কলকাতা, ৩য় মুদ্রণ, ১৪০৬, পৃ. ৩৯২
৩. হরিমোহন মুখোপাধ্যয়: বঙ্গভাষার লেখক, কলিকাতা, ১৯০৪, পৃ. ৯৪০
৪. সংসদ বাঙালী চরিতাভিধান, প্রথম প্রকাশ ১৯৭৬, পৃ. ৮২
৫. প্রাগুক্ত, পৃ. ৮২
৬. ড. মুনতাসির মামুন: উনিশ শতকে পূর্ববঙ্গে ব্রাহ্ম আন্দোলন, অনন্যা, ২০১৭ ঢাকা, পৃ. ৮৪
৭. ড. আবদুর রহিম ও প্রমুখ: বাংলাদেশের ইতিহাস, সপ্তদশ সংস্করণ, নওরোজ কিতাবিস্তান, ২০১৩, ঢাপকা, পৃ. ৩৭৭
৮. ড. মুনতাসির মামুন: প্রাগুক্ত, পৃ. ১৪৪

৯. ড. এম. মতিউর রহমান: বাঙালির দর্শন, মানুষ ও সমাজ-উনিশ শতক, অবসর, জুলাই, ২০০০, ঢাকা, পৃ. ৫৯৯
১০. প্রাগুক্ত-১৭৯-১৮০
১১. ড. মুনতাসির মামুন: কালীপ্রসন্ন ঘোষ (জীবনীগ্রন্থ), ১৯৮৮, বাংলা একাডেমি উদ্বৃতি পৃ. ১৮
১২. মোহাম্মদ আবদুল কাইউম: প্রাগুক্ত, উদ্ধৃতি পৃ. ২২৮ (হরিমোহন মুখোপাধ্যায় - বঙ্গভাষার লেখক পৃ. ৯৪০)
১৩. প্রাগুক্ত, পৃ. ২২৮
১৪. ড. মুনতাসির মামুন: প্রাগুক্ত, পৃ. ৩৭
১৫. ড. মুনতাসির মামুন: প্রাগুক্ত, পৃ. ৩৭
১৬. ড. অধীর দে: প্রাগুক্ত, পৃ. ১১৮
১৭. কালীপ্রসন্ন ঘোষ: নিভৃত চিন্তা, ঢাকা-১৩০৯, পৃ. ৪২
১৮. ড. অধীর দে: প্রাগুক্ত, পৃ. ১১৭
১৯. ড. মুনতাসির মামুন: প্রাগুক্ত, পৃ. ১৮০
২০. কালীপ্রসন্ন ঘোষ: মা না মহাশক্তি, ঢাকা, ১৯০৪, পৃ. ৯৯-১০০
২১. মোহাম্মদ আবদুল কাইউম: প্রাগুক্ত, পৃ. ২৩৫
২২. ড. মুনতাসির মামুন: প্রাগুক্ত, পৃ. ৩০
২৩. মোহাম্মদ আবদুল কাইউম: প্রাগুক্ত, পৃ. ২৪২
২৪. প্রাগুক্ত, পৃ. ২৩৫
২৫. ড. মুনতাসির মামুন: প্রাগুক্ত, পৃ. ৩০
২৬. ড. অধীর দে: প্রাগুক্ত, পৃ. ১১৮
২৭. হরিমোহন মুখোপাধ্যায়: প্রাগুক্ত, পৃ. ৯৩৬-৯৩৭
২৮. হরিমোহন: প্রাগুক্ত, পৃ. ৯৪৭
২৯. Chatterje, P., 2004. *A Princely Imposter: The Kumar of Bhawal and the Secret History of Indian Nationalism.* Kolkata.
৩০. সংসদ বাঙালী চরিতাভিধান, প্রথম প্রকাশ ১৯৭৬, পৃ. ৮২

সেলিম আল দীনের *যৈবতী কন্যার মন* : শিল্পসত্তার দ্বিবিধ রূপায়ন

* ড. মীর মোহাম্মদ জহিরুল ইসলাম

সারসংক্ষেপ

সাহিত্য জীবনের শিল্পিত ভাষ্য। একজন সাহিত্যিক তার ভাবনাগুলোকে শিল্পের বুননে উপস্থাপন করেন পাঠকের সামনে। কখনো তা রূপ পায় গল্প, কবিতা কিংবা নাট্যাকারে। মানুষের জীবন ও প্রকৃতিই সেখানে মুখ্য। আধুনিক বাংলা নাটকের পুরোধা, নাট্যজন সেলিম আল দীন (১৯৪৯-২০০৮) নাটকের শিল্পিত উপস্থাপনায় সিদ্ধহস্ত। কেবল আঙ্গিক নয়, বিষয়ের গভীরতাকেও নবতর সৃষ্টিতে রূপান্তরের প্রয়াসে এই নাট্যকার তার অসংখ্য নাটকে প্রাচ্য ও পাশ্চাত্য ভাবধারার সম্মিলন ঘটিয়েছেন। নাটকের চরিত্রসমূহের নানাবিধ ভাঙন ও রূপান্তর তার নাটকের প্রধান বৈশিষ্ট্য। কিন্তু বাঙালি লোকজ জীবন সেখানে মুখ্য। তাই শিল্পের সহজতর প্রকাশে তা কখনো বাঁধা হয়ে দাঁড়ায় না। অন্যান্য নাটকের মতো যৈবতী কন্যার মন (১৯৯৩) নাটকে বাঙালি লোকজ জীবনের প্রকাশ থাকলেও এক নারীর দ্বৈত রূপের সন্ধান কোথাও এমনভাবে পাওয়া যায় না। সেদিক থেকে নাটকটি শিল্পকুশলতায় সফল। দুঃখ-দারিদ্র্যের কষাঘাত, বঞ্চনা আর নিপীড়নের বাহ্যিক অবয়বের সাথে নাট্যকার মানসিক ভাঙন ও রূপান্তরের ফল দেখাতে সচেষ্ট হয়েছেন। পরিচিত জীবনের বাইরে এসে একটি নারীর জীবনের চাওয়া পাওয়া ও আকাঙ্ক্ষার রূপকে অত্যন্ত নিবিড়ভাবে তুলে ধরতে চেষ্টা করেছেন তিনি। নাটকের আলোচনা প্রসঙ্গে তাই কোনো শিল্পরূপ নয়, বরং উক্ত নারী-হৃদয়ের শিল্পচেতনাকে আবিষ্কার করাই এ আলোচনার মুখ্য উদ্দেশ্য।

স্বাধীনতা-উত্তর নাটকের ধারায় সেলিম আল দীনের কৃতিত্ব অসামান্য। তিনি বাংলা নাটকের প্রবাদপুরুষ এবং নাট্যাচার্য অভিধায় অভিহিত। তাঁর রচিত নাটকসমূহ হলো– *সর্প বিষয়ক গল্প ও অন্যান্য নাটক* (১৯৭৩), *জন্ডিস ও বিবিধ বেলুন* (১৯৭৫), *বাসন* (১৯৮৫), *কিত্তনখোলা* (১৯৮৬), *তিনটি মঞ্চ নাটক* (১৯৮৬), *কেরামত মঙ্গল* (১৯৮৮), *চাকা* (১৯৯১), *হরগজ* (১৯৯২), *যৈবতী কন্যার মন* (১৯৯৩), *একটি মারমা রূপকথা* (১৯৯৫), *বনপাংশুল* (১৯৯৬), *হাত হদাই* (১৯৯৭), *প্রাচ্য* (২০০০), *নিমজ্জন* (২০০২), *ধাবমান* (২০০৭), *স্বর্ণবোয়াল* (২০০৭), *ঊষা উৎসব ও স্বপ্নরমণীগণ* (২০০৭) প্রভৃতি।

সেলিম আল দীন মূলত তার নাটকে চিত্রিত করেছেন আবহমান বাংলার লোকজ জীবন ও তার পরিবেশ। সংলাপ রচনার ক্ষেত্রে তিনি অন্যদের চেয়ে ভিন্ন। নাটকের ভাষাকে তিনি মঞ্চের মধ্যেই সীমাবদ্ধ রাখেননি, জীবনসংগ্রামের সাথে সম্পৃক্ত করে তাকে জীবন্ত করে তুলেছেন। তাঁর রচিত নাটকসমূহের মধ্যে *যৈবতী কন্যার মন* (১৯৯৩) অসাধারণ শিল্পসফল একটি নাটক যেখানে তিনি বর্ণনাত্মক শিল্পরীতির পাশাপাশি ব্যবহার করেছেন সংলাপধর্মীতা। উত্তম পুরুষের জবানিতে বিবৃত হলেও মূল সংলাপে আঞ্চলিকতা ঠিক রেখে বর্ণনাত্মক ভঙ্গিটি রয়েছে শুদ্ধ ভাষায়। সংলাপগুলি উত্তম পুরুষ ও তৃতীয় পুরুষের জবানিতে লেখা। এর কারণ হিসেবে নাট্যকার বলেছেন :

> যৈবতী কন্যার মনে তৃতীয় পুরুষ ও উত্তম পুরুষ মিশিয়ে দেয়া হয়েছে। মনে রাখতে হয়েছে অবিরল উত্তম পুরুষ বা তৃতীয় পুরুষে রচিত বচন দর্শক শ্রোতার কানকে ক্লিষ্ট করতে পারে। অবশ্য এই মিশ্রণ কোন আনুপাতিক হারে করা হয়নি।[১]

এছাড়া 'যুবতী' শব্দের আঞ্চলিক রূপ হিসেবে 'যৈবতী' শব্দ প্রয়োগ করেছেন তিনি। উৎস হিসেবে প্রয়াত ক্ষিতীশচন্দ্রের পূর্ববঙ্গ গীতিকায় বর্ণিত কাঞ্চন কন্যার পালার সূচনা অংশে '*যইবতী*' বানানের

---

* **ড. মীর মোহাম্মদ জহিরুল ইসলাম**
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা কমার্স কলেজ

প্রতিরূপ হিসেবে 'যৈবতী' শব্দের ব্যবহার করেছেন।

যৈবতী কন্যার মন নাটকে যে দুই নারীর কথা বলা হয়েছে তাদের একজন কালিন্দী, অপর একজন পরী – উভয়েই মৃত। কালিন্দী প্রতিনিধিত্ব করেছে মধ্যযুগের নারীসমাজের আর পরী আধুনিককালের। যৈবতী কন্যার আত্মকথনের মধ্য দিয়ে সেকালের সমাজে নারীর অবস্থান, দারিদ্র্য, ক্ষুধা ও জীবনসংগ্রামকে উপস্থাপন করেছেন নাট্যকার। তাকে ঘিরে অঙ্কিত হয়েছে এরা অন্ত্যজ শ্রেণির চারিত্রিক বলয়। এদের মধ্যে উল্লেখযোগ্য – কালিন্দী, আলাল, শলপী, মিনতি, মিতালি, রহিমা, শ্রীকর, শঙ্কর, জগদম্বা, নায়েব, অঙ্গী, চণ্ডী, অনাথ, আলালের মাঝি, পরী, রোশনি, শুকুর, বাবা শ্রীকর ও মাজেদুল হক, মা জগদম্বা ও মনিরা বেগম, ভাই মিণ্টু, অধিকারী সোনা মিয়া, শাহামাল, দয়াল, রকিব, বায়েন ইসমাইল মিয়া, অঞ্জলি, নাচের জন্য ভাড়া করা মেয়ে মীনাকুমারী (আসল নাম কুলসুম), রাজ্জাক, ইসাক চৌধুরী, জাহাঙ্গীর ফিরোজ, রাজীব, মিঠু, সুখেন্দু, বিকাশ, গোবিন্দ, কামাল প্রমুখ। এদের প্রতি সামাজিক উপেক্ষা, অবহেলা, নারীবৈষম্য ও বিগ্রহের চিত্র মৃত্তিকার গভীর থেকে তুলে এনেছেন নাট্যকার। পুরুষতান্ত্রিক সমাজে নারীর পাশাপাশি পুরুষেরাও যেভাবে অবহেলিত হয়েছে, সুযোগ্য মর্যাদার অভাবে নারীর স্বাধীনতা যেভাবে বিপন্ন হয়েছে নাটকটি তার সম্পূর্ণ দলিল। উক্ত সমাজে নারীর বেঁচে থাকার পথ হয়ে উঠেছে বিষময়। এক সময় আত্মবিসর্জনের মধ্য দিয়ে সে জীবনের পরিসমাপ্তি ঘটেছে।

আলালের জীবনের অভাব-অনটন পরিবর্তন করেছে তার শিল্পের ধরন। শিল্প পরাজিত হয়েছে জীবিকার রূঢ় সংগ্রামে। গাজীর থানে মুরিদ হয়ে ধর্মীয় জীবনকে সে বেছে নিয়েছে। আলালের মতো নিম্নশ্রেণির মানুষেরা নদী ভাঙন থেকে, রোগ-শোক থেকে রক্ষা পেতে, ফসলের উৎপাদন বাড়াতে গাজীর গানকে আশ্রয় করেছে। ধীরে ধীরে মনের পরিবর্তনের সাথে বিশ্বাসেরও পরিবর্তন ঘটেছে। তসবিহ হাতে নিয়মিত ধর্মচর্চা ছাড়াও যে কালিন্দী একদিন সর্বস্ব ত্যাগ করে, স্বধর্ম বিসর্জন দিয়ে তার পাশে দাঁড়িয়েছিল – তাকে সে কটাক্ষ করে, আত্মসমর্পণ করতে বলে তার অনুসৃত পথে, মাথা নত করতে বলে জীবনের কাছে। কিন্তু এদেশীয় নারীর কোমল রূপও কতটা কঠিন হয়ে উঠতে পারে তা নতুন করে দৃশ্যমান হয়ে ওঠে যৈবতী কন্যার চরিত্রে। বর্তমানের আলাল তার বাঞ্ছিত ব্যক্তি নয়। একদিন যে আলাল তাকে দিয়েছিল ভক্তির আসন আজ তা পরিবর্তিত। পবিত্র প্রেমের প্রেরণায় একদিন ধর্মত্যাগী হয়েছিল কালিন্দী। জীবনের চেয়ে প্রেম তার কাছে মহান। জীবনে যদি সেই প্রেম আর না পায় সে, তবে বেঁচে থাকার মূল্য তার কাছে অর্থহীন। এই মুহূর্তে বাঙালি নারীর জীবনে বিষবড়ি একমাত্র সম্বল।

আলাল ও কালিন্দীর দাম্পত্য কলহ না থাকলেও তাদের দাম্পত্যের ওপর ধর্মীয় ও সামাজিক আঘাত এসেছে। সমাজে ধর্মান্তরিত নারীর স্থান নেই। আলালের গান গাওয়াকে উক্ত সমাজ স্বাভাবিকভাবে গ্রহণ করেনি। এক জীবন থেকে অন্য জীবনের এই বিবর্তন আলালের ক্ষেত্রে যেমন দ্বিমুখী প্রভাব বিস্তার করেছে তেমনি নাটকের শুরু থেকে শেষ পর্যন্ত নাট্যকার দ্বৈতাদ্বৈতবাদের প্রতিফলন দেখিয়েছেন: 'পাশ্চাত্য শিল্পের সব বিভাজনকে বাঙালির সহস্র বছরের নন্দনতত্ত্বের আলোকে অস্বীকার করে এক নবতর শিল্পরীতি প্রবর্তন করেন তিনি, যার নাম দেন 'দ্বৈতাদ্বৈতবাদী শিল্পতত্ত্ব'।'[২]

চরচন্দ্রানী গাঁয়ে মনসাপূজারী শ্রীকরের ঘরে জন্মগ্রহণ করা কালিন্দীর পরিচয় 'দ্বৈত নিখিল যেখানে অভেদাত্মা'[৩] অর্থাৎ 'দুইজন্মে এক যৈবতীর দুই মন–তবে হয় যৈবতী কন্যার মন।'[৪] এক জীবনে সে কালিন্দী নামে আর এক জীবনে সে পরী নামে খ্যাত। নাট্যকারের ভাষায় : 'এই নারী একবার কালিন্দী নামে মধ্যযুগে এক অমিত শিল্পবাসনায় নিজেকে হনন করেছিল এবং প্রাকৃত শিল্পীজীবনের

অধোগামিতার এই কালে আরো একবার।'[৫] নাট্যকার এ নাটকের চরিত্রসমূহের উৎসস্থল হিসেবে উল্লেখ করেছেন 'ছায়া ভুবন' বা 'প্রেতলোক' এবং 'ছায়ানারী' হিসেবে উল্লেখ করে তাদের বন্দনা গেয়েছেন। 'তবে আইস। ছায়ানারীদ্বয়-তোমরা...'[৬]

এ আহ্বানে প্রথম ছায়ারূপে কালিন্দী উঠে এসেছে 'নরকগামী মৃতের আবাসস্থল থেকে'।[৭] সে পেরিয়ে এসেছে নরকের বিষধোঁয়া, যেখানে অবরিত উড়ন্ত অগ্নিপেঁচারা মৃতদেরকে তাদের ধারালো ঠোঁটে আঘাত করে। নাট্যকারের আহ্বান উপেক্ষা করতে না পারার ব্যর্থতা তাকে এখানে নিয়ে এসেছে। দ্বিতীয় জীবনেও এই ছায়া মর্তে এসে শেষ পর্যন্ত যৌবনযন্ত্রণায় দগ্ধ হয়ে নিজেকে নিঃশেষ করবে।

কালিন্দীর প্রথম মৃত্যুতে দেবদূতের চোখে এসেছিল জল – যে দেবদূত বহন করে নিয়ে যাচ্ছিল তার আত্মাকে। কারণ, দেবদূত জানে কী অভিনব কৌশলে সৃষ্টি করা হয়েছে কালিন্দীর অবয়ব। দেবদূত নিজমুখে কালিন্দীকে বলেছে সেকথা :

> আমি তোর জন্মের কামারশালায় ছিলাম। চরচন্দ্রানীর গাঙের মাটিতে গড়া হল তোর জন্মের পুতুল। কালো এবং কালো। তারপর প্রাণের অগ্নিকণা ঈশ্বর যখন নিঃশ্বাসে ভরে দিচ্ছেন আমি চীৎকার করে বললাম-হা ঈশ্বর-এই মেঘবর্ণা নারীর ভেতরে এ কোন নীল অগ্নিকণা ভরে দিলে। আমি অনুনয় করে বললাম এই নারী এই জন্মে অসুখী হবে প্রভু।[৮]

নারীর অধিকার আদায়ের বিদ্রোহ আর সংগ্রামের পূর্ববার্তা কালিন্দীর কণ্ঠে ধ্বনিত হয়েছিল সেদিন। ঈশ্বর লীলাময়রূপে জন্মমৃত্যুর লীলাশেষে আত্মহননকারী কালিন্দীর জন্য স্বর্গের দ্বার রুদ্ধ করলেন, বন্ধ হলো সকল অভ্যর্থনা। ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে কালিন্দী তার নির্ধারিত জীবনের বাইরে যেতে না পারলেও মেনে নিতে পারেনি এই পরাজয়। জন্মান্তরে ভুল শোধরাবার অঙ্গীকার করল সে। ছাড়পত্র পেল কোনো এক সমুদ্রমোহনার তীরে দ্বিতীয়বার জন্ম নেবার। প্রথম পর্যায়ে হিন্দু পরিবারে দ্বিতীয় পর্যায়ে মুসলিম পরিবারে জন্ম তার। যে নরক হতে দ্বিতীয় বার মর্তে আগমন করে সে, তার সুস্পষ্ট বর্ণনা করেছেন নাট্যকার। কালিন্দী নরকে ছিল বস্ত্রহীন। সেখান থেকে মর্তে আগমন-মুহূর্তে ঈশ্বর তাকে সবুজ শাড়ি দিলেন। এই শাড়ি বাঙালি লোকজ জীবনকে স্পষ্ট করে তুলেছে।

পাঁচ বোন, এক ভাই এর মধ্যে এক বোনের বিয়ে হয়েছে নেত্রকোনার সোমেশ্বরী নদীর তীরে ধানকুঁড়া গাঁয়ে, অন্যজনের শেরপুরের শ্রীবর্দ্দিতে। দাদা সুকণ্ঠ নবদ্বীপের জনৈকা কীর্তনিয়ার সাথে বসতি গড়েছে কোনো এক দূরদেশে। সৎমায়ের জ্বালায় ঘরছাড়া জাতিচ্যুত এক পীড়ালি ব্রাহ্মণ শঙ্করও এ পরিবারের সদস্য। শ্রীকর তার গানের গলা দেখে দলে ভিড়িয়ে নিয়েছে। বাবা শ্রীকর লোকগানের দল নিয়ে মনসা মেলায় গেছে সাত দিন আগে। কালিন্দীর জন্য শ্রীকর মনসা মেলা থেকে বাসুকীর ফণার ছাপ সম্বলিত একটি শাড়ি কিনে আনে। শাড়িটি পড়ে কালিন্দীর যে অনুভূতি হয় তাতে লোকজ রূপটিই ফুটে উঠেছে। 'মনে হয় কোন মালাকার মাটির শাড়ী পরিয়েছে'[৯] তাকে।

মনসার মেলা আর বাসুকীর ফণা কেবল নয়, শ্রীমতি রাধা এবং শিবের অট্টহাসির কথাও এসেছে বিবিধ প্রসঙ্গে। এছাড়াও যেসব গ্রামীণ খেলাধুলার বর্ণনা আছে তাতে লোকজ জীবনেরই পরিচয় মেলে। প্রতিবেশী শামসু কাকার মেয়ে রহিমার সাথে কালিন্দীর গুটি খেলা, কখনো কখনো হনুমান সেজে লাফিয়ে চলা, সীতার কষ্টকে গানে গানে প্রকাশের চেষ্টা উক্ত জীবনেরই উন্মুক্ত প্রকাশ। মা জগদম্বার কণ্ঠে মনসা নাম-ডাক বাঙালি লোকজ জীবনের প্রতীককে আরো স্পষ্ট করে তোলে। তার মতে, 'আমার পাঁচ মেয়ে বাসুকী নাগের পাঁচ ফণা।...তাদের ঘরেই মা মনসার জন্ম।'[১০]

জাতিচ্যুত কপর্দকহীন শঙ্কর ভালোবেসেছে কালিন্দীকে। ভালোবাসার নিদর্শনস্বরূপ একটি রূপার আংটিও তাকে উপহার দিয়েছে। বন্ধু হারাধনের মাধ্যমে প্রাপ্ত বিয়ের প্রস্তাবকে সহজে মেনে নিতে পারে

না শ্রীকর। ছয়টি বিশাল মহাজনী নাও থাকলেও শঙ্করকে সে ঘরজামাই করতে সম্মত নয়। প্রয়োজনে একটি নাও দিয়ে ব্যবসা করে প্রথমে তার ভাগ্যের উন্নয়ন ঘটাক শঙ্কর। বড় দিদি শলপী প্রথমে না হলেও পরে সম্মত হয় বিয়েতে। সামনের বৈশাখ মাসে বিয়ে। কার্তিকের শেষে শলপীর শ্বশুর বাড়ি ধানকুঁড়া গাঁয় বাবার সাথে রওনা করে কালিন্দী। যাওয়ার পথে বাবার সাথে নিমাই সন্ন্যাসীর পালা উপভোগ করে সে। পরিচিত বলয়ের বাইরে বাইরের জগতের সাথে তার এই প্রথম পরিচয় :

> ভোরের কমলা বর্ণ আলো, গাঙে শ্যাওলার ঘরে সে আলোর নাচন, নদীর জলের ভিতর নানা বর্ণের মাছেদের ঝাঁক, রাত্রির নক্ষত্র, নীল আকাশে ভুবন আর শঙ্খচিলের উড়াউড়ি- প্রকৃতির এইসব নানান অনুষঙ্গ দেখার মধ্যে দিয়েই ঘরের কালিন্দী নতুন চোখে বাইরের কালিন্দীকে চিনতে শেখে।[১১]

ইতোপূর্বে বাবা শ্রীকরের সান্নিধ্যে চণ্ডী-মনসার পালা, বৈষ্ণব পদাবলী ও রাধা-কৃষ্ণ তত্ত্ব সম্পর্কে জানতে পেরে নিজের ভেতরে যে শিল্পসত্তার উন্মেষ ঘটিয়েছিল বাইরের জগতের সাথে পরিচিত হতে পেরে তা যেন আজ পূর্ণতা পেল।

শলপীর স্বামী গন্ধর্বদাস মনসার পূজক। তার কাছে নারায়ণদেব, বিজয় গুপ্তের পুঁথি আছে। পালাগান করে সে। শিল্পের প্রতি প্রবল আকর্ষণে শ্রীকর চরচন্দ্রানী ফিরে গেলেও কালিন্দী রয়ে যায় ধানকুঁড়া। পৌষে বড়দির সাথে ফিরবে। এখানেই তার শিল্পমনীষার পূর্ণ জাগরণ ঘটল মুসলমান গায়েন আলালের সাথে পরিচয়ের মাধ্যমে। আলাল বিবাহিত হলেও এখন নিঃসঙ্গ। তার স্ত্রী মিঠা মঈনের মেয়ে রোশনি গত ফাল্গুনে পালাগান করতে গিয়ে এক দোহারের সাথে পালিয়ে গেছে। পালাকার হিসেবে যথেষ্ট খ্যাতি রয়েছে আলালের। আলালের বাড়িতে তাই আসা যাওয়া শুরু হয় কালিন্দীর। ধীরে ধীরে উভয়ের ভাব জমে ওঠে। একসময় অনুভব করে আলালের প্রেমে পড়েছে সে। নিছক পালাকার হিসেবে নয়, নানা তত্ত্ব-মতবাদ নয়, ব্রাহ্মণপুত্র অনাথ ও শূদ্র ডোমকন্যা চণ্ডীকে নিয়ে সে যে পালাগান রচনা করে তাতে তত্ত্বের চেয়ে জীবনশিল্পই বড়ো হয়ে ওঠে :

> গীতে-পালায় দেব-দেবীর বন্দনা না করে মানুষের সুখ-দুঃখ নিয়ে গীত রচনা করায় আলালের প্রতি প্রবলভাবে আকৃষ্ট হয় কালিন্দী। এক দুর্নিবার আকর্ষণে আকৃষ্ট হয়। আলালের গীতে নিজের বন্দনা শুনে কালিন্দী তার ভেতরে মনসার পূজার ঘর ভেঙে ফেলে, ছুঁড়ে ফেলে দেয় শঙ্খ, নিজেকে মনসার প্রতিদ্বন্দ্বী হিসেবে আবিষ্কার করে।[১২]

নৌকার ওপর বসে সে যখন পা নাচায় আলাল তার পায়ের রূপে মুগ্ধ হয়ে বলে : 'আপনের পা দুইটা পূজা করতে ইচ্ছা করে। এত সোন্দর।'[১৩] এক-দুই করে এভাবে আলালের সাথে তার ভাব বিনিময় হয়, মন স্থির হয় আলালের ওপর। ফলত শঙ্করের ওপর সে মন স্থির করতে পারে না। তবে ভাবনার জগত থেকে সে সরে আসতে পারে না। কারণ, শঙ্করেরও কেউ নেই, আলালেরও কেউ নেই। তবে আলাল মুসলমান হেতু এ বিয়ে হবার নয়। তার বিয়ে শঙ্করের সাথেই হবে। কিন্তু আলালের পূজার আসন ছেড়ে যাবার দ্বিধা সহজে কাটে না কালিন্দীর। কালিন্দীর জীবনে শিল্পের বিকাশ আলালের সাথে পরিচয়ের পর থেকে। কালিন্দী দেখেছে মানুষের প্রতি আলালের করুণা। গাথা-পালার সীমা ছেড়ে অনাথ-চণ্ডীর জীবনের পরিণতি তার মনে এক শিল্পবোধের জন্ম দিয়েছে। জীবনের এই রঙই শিল্পের প্রধান আকর্ষণ :

> সেলিম আল দীনের নাটকের মধ্যে অন্যরকম এক গন্ধ আছে; যা খুব আকর্ষণ করে কাছে টেনে নেয়, পরক্ষণেই ভাবনার অতলান্তে ফেলে দেয়। তার নাটকে ভিন্ন ধরনের রঙ আছে। যে রঙে জীবনের কথা লেখা থাকে। খুব স্পষ্ট কিন্তু গভীর সে জীবনকে দেখতে কখনও যৈবতী কন্যার মন পড়তে হয়, কখনও ধারণ করতে হয় জন্ডিসের চোখ।[১৪]

কালিন্দী বড়দিকে বিষয়টি খুলে বলে। পৌষের পনেরো তারিখে তাদের চরচন্দ্রানী চলে যাওয়ার কথা। মনের দিক থেকে শঙ্করকে সে যেমন পছন্দ করে না, পছন্দ করে না বাবা শ্রীকর এবং মা জগদম্বাও। অপরদিকে, হিন্দু মুসলিম সম্পর্কে আলালের সাথে তার এ জনমে সম্মিলন সম্ভব নয়– আলাল যতই কালিন্দীকে নিয়ে গান রচনা করুক, যতই চণ্ডীর রূপ বর্ণনা করুক কালিন্দীর সাথে মিলিয়ে। কালিন্দী আর আলালের হিন্দু-মুসলিম প্রণয় সম্পর্কিত একটি সমস্যা তৈরি হওয়া অমূলক নয়। তবু কালিন্দী সিদ্ধান্ত নেয় শঙ্করকে বিয়ে না করার। আলালের দারিদ্র্যের প্রতি তার করুণা জাগে। নিজেকে পরিবর্তিতরূপে আবিষ্কার করে সে। ভালোবাসার জন্য জাত-কূল-মান বিসর্জন দেবার আর একটি দৃষ্টান্ত স্থাপিত হয় কালিন্দী ও আলালের চূড়ান্ত পরিণতির মধ্য দিয়ে। কালিন্দী এখন আর দেবী সাধক নয়, নিজের মধ্যেই সে দেবীর অস্তিত্ব অনুভব করে, যে দেবিত্বের আসন আলাল তাকে দিয়েছে। নিজেকে নূতনরূপে বিনির্মাণের ধারায় ভেতরের শিল্পবোধ তাঁকে নিয়ে যায় অনন্য উৎকর্ষে। আত্মতুষ্টি ও আত্মচেতনা ক্রমশ তার মধ্যে গভীর থেকে গভীরতর হয় :

> আমি দেবীর করুণা চাইনা –কবির পূজা পাওয়া আমি কালো মেয়ে কালিন্দী–আমি কক্ষনো আর দেবী পূজা করব না। ...না আমি সম্পদ চাই না। তোমার বরে সম্পদ নয় মা। তোমার মাটির মূর্তির পাশে এই যে আমি–আমার পূজা হয়েছে সেদিন রাত্রে–কবির পঙক্তি পয়ার আমারে শোনিতে শোনিতে ধাবমান।...আমি মাটির কালিন্দী নই মা–আমি নই শাস্ত্রের নানা বর্ণে রঞ্জিত। আঙুল বুলাতেই উঠে যায় তোমার গায়ের বর্ণ। সে রঙ কালিন্দীর মত জন্মের ভেতর দিয়ে রোদবৃষ্টির স্পর্শে প্রাণের সঙ্গে নয় যুক্ত।[১৫]

পালাগানকে আশ্রয় করে জীবনধারণকারী আলাল চণ্ডী আর অনাথের কাহিনিকে আশ্রয় করে পালা রচনা করে যার প্রথম আসর হবে বিষকাকুনী গাঁয়ে। আলালের জীবনে এখন কালিন্দী হয়ে উঠেছে সর্বময়। চণ্ডী এ পালার নায়িকা হলেও তার বদলে কালিন্দীর নাম ব্যবহার করে আলাল। আলাল তাকে আহ্বান জানায় চিরজনমের মতো বেরিয়ে পড়তে। শেষবারের মতো কালিন্দী আলালের সাথে পানসিতে উঠে বসে। ততক্ষণে হিন্দুরা বেরিয়ে পড়েছে মুসলমানদের ঘর জ্বালিয়ে দিতে। কেবল কিছু বাদ্যযন্ত্র সঙ্গী করে কালিন্দী যাত্রা করেছে 'তেলের গন্ধমাখা বালিশ আর ম্লান নকশীকাঁথা...আলালের দারিদ্র্য দেখে একদিন–দরিদ্রের জীবনযাপনের যে লোভ জেগেছিল'[১৬]– সে জীবনের দিকে।

আলাল গীতের সংবদ্ধতায় কালিন্দীর চরণ ভজনা করেছে। শেষ পর্যন্ত দুঃখের দহনে সে চরণ দগ্ধ হয় কিনা এ সন্দেহের ঊর্ধ্বে উঠে আসর চলল কূলে কূলে। উপার্জনও হতে লাগল প্রচুর। অভাবের দিন বুঝি শেষ হলো। আলালের এখন রাজা বনে যাবার জোগাড়। দেবী মনসা যেন আজ কালিন্দীর কাছে পরাজিত। লুৎফর রহমানের ভাষায়, 'যৈবতী কন্যার মন নাটকে বাংলা সাহিত্যের মধ্যযুগের ইতিহাসের সুনির্দিষ্ট কাল পরিধিতে কিভাবে মুক্ত মানবরসের নাটকের স্থলাভিষিক্ত হচ্ছে পীর মাহাত্ম্যসূচক কাব্য সেই সাহিত্যিক ঐতিহ্য এবং ইতিহাস অভিব্যক্ত হতে দেখি।'[১৭]

আলাল ছোটোকাল থেকে বড়ো হয়েছে দুঃখ আর দারিদ্র্যের সঙ্গে। তার পিতা কলন্দর খা একটি ঐতিহাসিক চরিত্র। তিনি চন্দ্রপুর ফৌজদারে শাহ সুজার পক্ষে যোগ দেয়ায় মীর জুমলার লোকজন তাদের বাড়িঘর পুড়িয়ে দেয়, কলন্দর খা নিহত হয়, মা পালিয়ে আসে মেঘনার কূলে। তখন থেকেই তাদের দারিদ্র্যের সংসার। মায়ের মৃত্যুর পর তার আপন বলতে আর কেউ নেই। তবে যেটুকু বিদ্যালাভ করেছিল তাতে ফারসি কাব্যের লাইন অনুবাদ করতে পারে সে। সংস্কৃতেও তার ব্যুৎপত্তি ছিল। *লাইলী মজনু*, *মধুমালতী* এসব তার মুখস্থ। এভাবে শৈশবেই তার মধ্যে বাসা বেঁধেছিল কবিমন। রজনী গোপালের কাছে দীক্ষা নিয়ে পরে আলাদা করে দল গঠন করে।

মনের জোড়ে বাসা বাঁধলেও সমাজের বাইরে কারো বাস নয়। আলাল ও কালিন্দীর জীবন চলার পথেও আসে সামাজিক চাপ। হিন্দু সমাজ তাদের পিছু ধাওয়া করে আলালের মাঝি শুক্কুরের মাথা ফাটিয়ে দেয়, আলালের হাত ভেঙে দেয়। রূঢ় জীবনযাত্রায় একসময় কালিন্দীর জ্বর আসে, পালায় পাট করা কঠিন হয়ে ওঠে।

শরীয়তপন্থী লোকেরা কালুখাঁর নিমন্ত্রিত আসরে এসে শাসিয়ে গিয়েছে কোনো গান বাজনা করা যাবে না– কেবল ওয়াজ মাহফিলের অনুমতি আছে। আক্রমণের শিকার আলালের গায়েও জ্বর আসে, রাতে আবোল তাবোল বকে। শুক্কুরের শক্তিও যেন নিঃশেষ হয়ে আসে। হিন্দু জাতিচ্যুত রমণী আর পারে না কোনো দেবীর কাছে প্রার্থনা করতে, শূন্যের দিকে তাকিয়ে শুধু ভাবে ভবিষ্যৎ দিনগুলোর কথা। আলালের ভাঙা হাত আর জোড়া লাগার নয়, বিশেষত চিকিৎসা করানোর মতো সামর্থ্য এবং সুযোগ তার নেই। আসর আর সে করতে পারে না। ক্ষুধা আর দারিদ্র্যের কষাঘাতে জীবন বিপন্ন হতে থাকে। ধলমূল গাঁয়ে যখন তারা আসর করতো তখন সবাই তাকে সম্মান করত। একদিকে ভাঙা হাতে বেশিদিন আর পালা চালাতে পারল না সে। অপরদিকে পালাগানের পট পরিবর্তনের ফলে আজ সেখানে প্রবেশ করেছে গাজীর গান। ধীরে ধীরে পালার কদর কমতে শুরু করেছে। তাই পালাগান করে জীবন নির্বাহ আলালের জন্য কষ্টসাধ্য হয়ে পড়ে।

সে রাতে ধলমূল গ্রামের লোকজন দুভাগে বিভক্ত হয়ে গাজীর গানের বায়না ধরল। নদীর ভাঙন ঠেকাতে হলে গাজীর গান গাইতে হবে – এ কথা ছড়িয়ে দেয়া হল। নাট্যকার জীবনের অসহায় মুহূর্তে লোকজসমাজে প্রচলিত বিশ্বাস ও ধ্যান ধারণার প্রতিফলন ঘটিয়েছেন এই নাটকে। ধলমূল গ্রামে আসর করতে না পারুক বোয়ালমারীতে এখনও পালার কদর কমেনি। সেখানে বাগদীদের পাড়ায় পীর বাতাসী এবং চণ্ডী অনাথের পালার নিমন্ত্রণ পেলেও আলালের পক্ষে তা সম্ভব নয়। 'আলাল ভীষণ ঘাবড়ে যায়। ভাঙা হাতে আসরে কিভাবে সেই প্রাক্তন দৃপ্ত ভঙ্গীতে দাঁড়াবে। একদিন ধানকুঁড়া গাঁয়ে অনাথ চণ্ডীর পালা রচনা করে গ্রামের পর গ্রাম জয় করে নিয়েছিলো। আজ ভাঙা হাত সেই সাহস হারিয়েছে।'[১৮]

সারারাত বিনিদ্র থেকে আলাল নতুন গীত রচনা করে। বোয়ালমারীতে পণ্ডিত আর অভিজাত লোকদের বাস। আলাল গান গায়, কালিন্দী নাচে। এভাবে কিছুদিন চলল, কিছু উপার্জনও হলো। এক রজনীতে ন্যায়রত্নগণ এসে হানা দেয়। তারা জানতে পেরেছে এই দলে এক কুলত্যাগিনী আছে– ধর্মত্যাগী হিন্দুকন্যা। সাতদিনের আসরের দুদিন অতিক্রান্ত হতে না হতেই বন্ধ হয়ে যায় পালা। তিনদিন পর তাদের ভাসমান ঘর কুড়ালের আঘাতে শেষ হলো। পালাতে পারল না দুজনের একজনও। দীর্ঘদিন ধরে হাত ভাঙা আলালের কাঁধে আজ আঘাত পড়ে। শুকুর তাদের বাঁচাতে গিয়ে প্রাণ হারাল।

আলাল তার দারিদ্র্য থেকে রক্ষা পেতে কম চেষ্টা করেনি। জীবনযুদ্ধে বারবার পরাজিত হয়েও দমে যায়নি কখনো। আজ সে তাকে বন্দি করে নিয়ে যাচ্ছে সামন্তপ্রভুর কয়েদখানায়। হাতের কাঁকন ঘুষ দিয়ে আলাল ও কালিন্দী পোতামাঝির কাছ থেকে পালাবার পথ খুঁজে নেয়। জ্বরসহ ধলমূল গাঁয়ে পৌঁছায় তিনদিন পর। ঘা শুকাতে সময়ের প্রয়োজন। জীবন থেকে পালানো যায় না, মনসা-শিবের গান আর গাজীর গান থেকেও তারা পালাতে পারে না। আলালের কণ্ঠে শোনা যায়, 'হিন্দু যারা–মনসা শিবের গানে রাইতে আকাশ ভারী করে আর মুসলমানগরে ঘরে ঘরে গাজীর পীর মাদারপীরের সেবা–পালামু কোথায় কালিন্দী।'[১৯]

হঠাৎ আলালকে মধ্যরাতে উঠে খুঁজে পায় না কালিন্দী। ভোরে গাজীপীরের থানে, নদীর ঘাটে সর্বত্রই খোঁজ করে– কোথাও সে নেই। যার জন্য সে সর্বস্ব ত্যাগ করেছে, আজ তাকে ছেড়ে সে চলে গেছে। ঝড়ে কুটোর মতো ভেসে যায় আলালের প্রেম, তার আবেগ স্তিমিত হয়, ধর্মে মতি ফিরে আসে জীবনে বেঁচে থাকার অদম্য আকাঙ্ক্ষায়। এ আকাঙ্ক্ষা তাকে সকল আবেগের ঊর্ধ্বে নিয়ে যায়। আলালের হাতে

আজ তসবিদানা, কালিন্দীর সামনে দাঁড়িয়ে সে ব্যক্ত করে তার জীবনচক্রের ইতিবৃত্ত। 'আমি পিরের মুরিদ হইছি। এ জনমের ভালোমন্দ থুয়ে আসছি তাঁর হাতে।'[২০] আলাল আর গান গাইবে না। সে এখন পিরের ভক্ত। পিরের কথাই এখন তার জীবন। কালিন্দীর কাছে পাপপুণ্যের হিসাব দেয় আলাল:

> তুমি যারে নেহা কর সে কবি আসরে আসরে হাড্ডি রক্ত বেবাক দিছে–ঘর–বাড়ি–ভিটা দিছে। আর না। আলাল চীৎকার করে–আমি কি তোমার দাস। কিনে নিছ আমারে। এই শরীর নিয়ে কবরে নামন যায়–আসরে উঠান যায় না।[২১]

জীবনের এই চক্রে আলাল পথ খুঁজে পেলেও কালিন্দীর সকল পথ রুদ্ধ হয়ে যায়। হোঁচট খায় কালিন্দীর শিল্পমনীষা। তবে আর যাই হোক চরচন্দ্রানী সে আর ফিরে যেতে পারে না। আলালও ভেবেছিল কোথাও ঠাঁই না পেয়ে কালিন্দী ফিরে আসবে তারই কাছে। একই পথ হবে দুজনার। গাজী তাকে ফিরিয়ে আনবে। মুসলিম হয়ে ধর্মকর্ম করে সেও মুক্তি পাবে পাপ থেকে। কিন্তু কালিন্দী আর ফিরে আসতে পারে না। মাথা নত করে না জীবনের কাছে। প্রেমের জন্য একবার ধর্মান্তরিত কেবল পাপবোধে সে ধর্মান্তরিত হবে না। এর জন্য যে কোনো শাস্তি সে মাথা পেতে নিতে তৈরি। বিষ করবীর চূর্ণবীজ খেয়ে ঈশ্বরের সাধ পূরণ করে সে। অপরিমেয় জীবনাকাঙ্ক্ষাই শিল্পের মূল লক্ষ্য। সেলিম আল দীন কালিন্দী ও পরী দুই নারীর মধ্যে উক্ত জীবনাকাঙ্ক্ষাকে প্রস্ফুটিত করেছেন শিল্পের ধারাকে সমুন্নত রেখেই :

> কালিন্দী-পরীর যে জীবন-কথা নাট্যকার যৈবতী কন্যার মন-এ এঁকেছেন, তারা পারিবারিক ও সামাজিক উদাসীনতার শিকার। বিশেষত প্রান্তিক পরিবারে জন্মগ্রহণ করেও প্রচণ্ড জীবন-তৃষ্ণায় মান-মর্যাদা-সম্ভ্রম নিয়ে বেঁচে থাকার সংগ্রামে লিপ্ত দুই নারীই পুরুষতান্ত্রিক সমাজে তীব্র বৈষম্যের শিকার হয়েছে। শেষ-পর্যন্ত তারা বেঁচে থাকতে পারে নি; আত্মহত্যার পথ তাদেরকে বেছে নিতে হয়েছে। মৃত দুই নারীকে নাট্যকার বিশেষ কৌশলে দর্শকদের সামনে হাজির করেছেন, তাদের জীবনসত্য প্রকাশের লক্ষ্যে।[২২]

দ্বিতীয় জন্মে সবুজ বসন পরে মর্ত্যভূমিতে অবতরণ-পূর্বে দেবগণের অনুরোধে তাকে বেহুলার মতো একবার নৃত্য করতে হয়। দেবদূতগণ গোল হয়ে বসলে তাদের বন্দনা করা হয়। এ জনমে সে স্থান পায় চন্দ্রকান্ত দ্বীপে। সে যে গাঁয়ে জন্ম নিল তার নাম মৌরাবি। ঈশ্বর তার ভবিতব্য নির্ধারণ করে দেন। সেখানে আলো-আঁধারির যে চিত্র তা লেখকের বর্ণনায় মূর্ত হয় এভাবে :

> চিত্র মাত্রই ক্ষয়িষ্ণু অনিত্য এবং নিরাকৃতি অন্ধকারই ঈশ্বরের প্রথম ও মৌলিক সৃজন। আলো চিত্রের জন্মদাত্রী–তা অন্ধকারের ঔরসজাত। তাই ঈশ্বরের বাণী অন্ধকারের শিরায় শিরায় স্বয়ম্ভূ শ্লোকধ্বনি। ধ্বনি চিত্রেরও পূর্বের। সুতরাং হে নারী–মর্তে তোমার শিল্পরীতি বিনষ্ট হবে প্রাকৃতের কর্মদোষে।[২৩]

এই জন্মে তার নাম হল পরী– আসল নাম লুৎফুন্নেছা। বাবা আটষট্টি বছর বয়স্ক শিল্পসাধক পুতুলমাস্টার মাজেদুল হক একজন হাঁপানী রোগী। তার পূর্বপুরুষ ছিল নিকারী। পরীর দাদা মাছ শিকারে গিয়ে আর ফিরে আসেনি। দাদি তখন সর্বস্ব বিক্রি করে মাজেদুল হক ও তার ভাইকে নিয়ে বিষখালি নদীর তীরে এই গ্রামে বসবাস শুরু করেন। পরী তার পূর্বপুরষের ভিটেমাটি দেখেনি। এ জন্মে পরী আর মিণ্টু দু-ভাইবোন। মহাভারতের সত্যবতীর মতো সে কৈবর্ত সন্তান। তার গা দিয়ে মাছের আঁশটে গন্ধ।

অর্ধেক যৌবন পর্যন্ত মাজেদুল হক কাজ করেছেন যাত্রাপালায়। ভবঘুরে এই মানুষটি বিয়ে করেছে যাত্রাদলের এক মেয়ে মনিরা বেগমকে। যাত্রা ছেড়ে মৌরাবি পুতুল নাচ নামে দল গঠন করেছেন তিনি। মনিরা বেগম ধ্রুপদী নৃত্য জানতেন। পরীও তার মায়ের কাছ থেকে তা শিখে নেয়। লেখাপড়া খ্রিস্টান

মিশনারি স্কুলে পঞ্চম শ্রেণি পর্যন্ত। আর ভাই মিন্টু উচ্চমাধ্যমিক পাশ। সে যাত্রা দলের পালা লিখত, অভিনয়ও ভালো পারত। তার মেজাজটা ছিল অস্থির প্রকৃতির। যাত্রা দলের অধিকারীকে খুন করে সমাজতন্ত্রের নামে গা ভাসাল, তারপর ব্যবসা। কিছুতেই কিছু করতে না পেরে আবার অধিকারী সোনা মিয়ার যাত্রাদলে যোগ দেয়।

এখানকার নীলগঞ্জ নদীর তীরে সাধুর মেলা বসে। একটা ঘুড়ির দোকান থেকে শাহামাল পরীকে সবুজ ঘুড়ি কিনে দিয়েছিল। পূর্ব জনমের শাড়ি আর এ জনমে ঘুড়ির রঙ একই। পরী প্রতিদিন মেলায় যেত। শাহামাল তাকে স্বপ্নাতুর জীবনের লোভ দেখায়। 'আশার চর আজব দেশ। সেখানে বৃক্ষরাজিতে ঘুড়ি ধরে। এ রকম চরে যাবার আশা কার না জাগে।'[২৪] পরীর মনে এমন একটি স্বর্গস্বপ্ন জেগে ওঠে। মায়ের কাছ থেকে চুরি করা কুড়ি টাকা সম্বল করে মেলা শেষ হওয়ার একদিন আগে সে শাহামালের সাথে পালিয়ে যায়। পলায়নের বিষয়টি পরীর পূর্বজন্মের চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ। সাদৃশ্য রয়েছে আলালের সাথে শাহামালেরও :

> আমার তো কেউ নাই–মা বাবা ঝড় তুফানের গর্কিতে হেই কবে নিখোঁজ হইছে। আমি নানার দেশে থাকি। বলতে বলতে শাহামালের চোখ ভিজে আসে। তারপর বলে–আমি আপনেরে এত্তগুলান বেতস ফল আইনা দিমু। কাউফল কোন গাছের মিঠা বেশি আমি জানি।[২৫]

তবে পরী শাহামালের জন্য দেশত্যাগী হয়নি, হয়েছে যে দেশে গাছে ঘুড়ি ধরে সেই দেশ দেখার জন্য। শাহামাল অবশ্য এই মিথ্যাচারিতার জন্য একসময় অনুতপ্ত হয়। পরীর মোহও কাটে একসময়, তার মধ্যে চেতনা জাগে, মা বাবার কথা মনে পড়ে। এমন সময় আগের জন্মের মতো দয়াল, রকীব এবং মনিরা বেগমের সাথে মাজেদুল হকের সাম্পান তাদের ধাওয়া করে। শাহামালের ঘটনাটি খণ্ডিত ও অসমাপ্ত হয়ে এখানেই পড়ে থাকে। এগিয়ে চলে পরীর জীবন। একসময় মাজেদুল হকের মৃত্যু ঘটে হাসপাতালে।

কালিন্দীর জীবনে আলালের মতো এ জনমে পরীর জন্য সর্বস্ব ত্যাগ করতে প্রস্তুত অনিন্দ্য। আলালের মতো অনিন্দ্যও একজন লেখক। সে কবিতা লেখে পরীকে নিয়ে। সেটা ছাপা হলে তাকে এসে দেখায়। পরীকে ভালোবেসে সে বিয়ে করতে চায়, পালিয়ে যেতে চায় তাকে নিয়ে। কিন্তু পরী পূর্বজন্মের কথা বিস্মৃত হলেও শাহামালের কথা ভুলতে পারে না। জ্বরাক্রান্ত মা মনিরা বেগম পরীকে পালিয়ে যাওয়ার পরামর্শ দেয়। মনিরা বেগমের অনুপস্থিতিতে পরীর অনিশ্চিত জীবনাশঙ্কায় এমন সিদ্ধান্ত দিতে পারে সে। মনিরা বেগম জানে পরী কখনও সংসারী হতে পারবে না। দারিদ্র্য তাদের জীবনসঙ্গী। অভাবের তাড়নায় পরী বিক্রি হয়ে যায় এক দলের কাছে। দলের অধিকারী মামা বলে পরিচয় দিয়ে তাকে রিহার্সেলে নিযুক্ত করে। জীবনের রূঢ়তার সংগ্রামে পরীও আজ মনের দিক থেকে পরিবর্তিত। বাড়ির প্রতি তার আর কোনো টান নেই। অধিকারীর দুটি পালার একটির নায়িকা সে। বছরে চুক্তি তিরিশ হাজার টাকা। দলে জাহাঙ্গীর ফিরোজ ও রাজীব পরীর নামে অজ্ঞান। রাজীব বা সুখেন্দু কাউকে তার খারাপ না লাগলেও মূলত পরী ভালোবাসে অনিন্দ্যকে। অনিন্দ্যের সাথে তার সুখের জীবন গড়ে উঠবে না জেনেও সুখেন্দুকে তার হাত দেখায় ভবিষ্যত জানার জন্য। সুখেন্দু তার জীবনে সুখের আশ্বাস দিতে না পারলেও রাজীব তাকে স্বপ্ন দেখায় মসৃন জীবনের। জীবনের এই দ্বিবিধ রূপ যেন পরীর জীবনকে দ্বিখণ্ডিত করে। 'সন্ধ্যার আকাশে কোন একটি তারার দিকে তাকিয়ে পরী– চোখ ভরে কাঁদে। কার জন্য। তুমি কাকে বহন করে চলেছ পরী। কে তোমার সঙ্গে যায়–জলের প্রতিবিম্বের জন–মোহের একজন–এবং মাজেদুল হকের কন্যা আরেকজন।'[২৬]

পরীর জীবনে যে শূন্যতা তা পূর্ণ করতে আগমন ঘটবে না কোনো দেবদূতের। তার জীবনের সাথে

শিল্পের সম্বন্ধ হলেও সুখের সম্বন্ধ অনেকটাই জটিল। তার জীবনের যে পথ সেখানে সুখের সন্ধান দেবার মতো কেউ নেই। সে সুখ হয়ত জীবন দিয়ে পেতে হয়। সুখের শূন্যতা তাকে নিয়ে পৌঁছাবে শিল্পের সপ্ত আকাশে :

> সংসারে জীবনের নিগা একধরনের নিয়ম লাগে তাতে শিল্প বাঁচে। সমাজের ভিতর দিয়া যে বিশ্বাস–জীবন যাপনের যে রাস্তাটা আছে তারে পুরা ভাঙ্গ যদি তবে শেষে শিল্প বাঁচলেও নিজে পুড়বা। যদি শুধু শিল্প হিসাবে বাঁচতে চাও–তবে ক্রমে ক্রমে ভাঙতে ভাঙতে অদেখার দেখা পাবা–পৌঁছাবা গিয়া সাত আসমানে।[২৭]

পরী নিজের মতো করেই বাঁচতে চায়। ব্যক্তিস্বাতন্ত্র্যের বিকাশে সেও হতে চায় স্বাধীন। তার মধ্যে ব্যক্তি এসে উঁকি দেয়। কিন্তু এই বাঁচার মধ্য দিয়ে কোন অস্তিত্বের সন্ধান মিলবে তা সে নিজেও জানে না। নিজের মধ্যে সে কথা বলে, 'যে যার মত কইরাই বাঁচে। সব গাঙেই পানির স্রোত–তবু এক এক গাঙের এক এক নাম। তুমি আলাদা কইরা যদি বাঁচো তা তো শিল্পের ভিতর দিয়া বাঁচন না। সে বাঁচাটা নিজেরই ক্ষতি করে।'[২৮]

তবে শিল্পের সাথে তার যে সত্ত্বা মিশে আছে তা থেকে নিজেকে সে আলাদা করতে পারে না। তার অভিনয়গুণে মুগ্ধ হয়ে এসাক চৌধুরী ও জাহাঙ্গীর ফিরোজ অন্তরে দুর্বলতা অনুভব করে তার জন্য। কামাল নামক এক বিত্তশালী যুবক তার জন্য উন্মাদ। 'রূপান্তর' পালায় নাচের স্থানে সে পরীর জন্য প্রতিদিন ফুল রেখে আসে, পুকুর ঘাটে, নারকেল গাছতলায় অনড়ভাবে বসে থাকে। পরীর পথে বেলি ফুল নিয়ে দাঁড়িয়ে থাকে। অবস্থা এমন হলো যে, পরীর পুকুরঘাটে যাওয়া বন্ধ হওয়ার উপক্রম। শেষ পর্যন্ত পরীকে দেখার জন্য একবাক্স গয়না নিয়ে সে উপস্থিত। আলালের মতো করে সেও বলতে পারে 'আপনেরে মনে মনে আরাধনা করি – আপনার দুইডা চরণ পূজা করি।'[২৯] কামাল পরীকে বিন্দু বলে সম্বোধন করে। পরীর সামনে উপস্থিত হয় চরম সংকট। কামালের প্রস্তাবকে প্রত্যাখান করলে সে নানা ফন্দি আঁটে। বিষ পানে মরার অভিনয় করে, রাজীব চৌধুরীর কাছে অলঙ্কার চুরির নালিশ করে। কিন্তু শেষ পর্যন্ত পরীকে আর বিয়ে করা হয় না তার। পিতার নির্যাতনে এক সময় সে আত্মহত্যা করে। এ ধরনের মৃত্যুকে পরী সহজভাবে নিতে পারে না। অথচ কামালের মতো জাহাঙ্গীর ফিরোজও যেন বলতে পারে 'আমার চাঁদের কণা পরী গো – আমি যদি ও রকম মরতে পারতাম তোমার জন্য।'[৩০]

রাতে কামালের মৃতদেহ দেখে পরী চিৎকার করে। এক চাপা কষ্টে ঘুমাতে পারে না সে। তার এ কষ্ট ভুলে থাকতে মিঠুদি তাকে সিগারেট খাওয়ার পরামর্শ দেয়। সব ফেলে যখন মায়ের কাছে সে ফিরে যেতে চায় তখন জানতে পারে মৌরাবিতে তার আর কিছু নেই। তার মা সব বিক্রি করে রকীবের সাথে সংসার পেতেছে। চরম দুঃখের দহনে নিপতিত হয় পরী। একমাত্র জাহাঙ্গীর ফিরোজ আছে যার কাছে মনের কথা খুলে বলা যায়। কোনো সহানুভূতি নয়, সব কিছু ভুলে থাকার জন্য পরী জাহাঙ্গীরের কাছে পানের জন্য একটু নেশাপানি ভিক্ষা করে। আজ জাহাঙ্গীরের সাথে ঘুমাতে তার কোনো আপত্তি নেই। পৃথিবীর যে কাউকে বিশ্বাস করার সকল প্রকার মানসিকতা আজ সে হারিয়ে ফেলেছে। তাই সে নিজেকে আর কোনো বাঁধনে বেঁধে রাখতে ইচ্ছুক নয় :

> মায়ের দ্বিতীয় বিবাহের সংবাদ তাকে পৃথিবীর তাবৎ গৃহের প্রতি অবিশ্বাসী করে তুলে। সে ভাবে মায়ের এই বিবাহ এক অসঙ্গত অবিনাশী পাপ। সেই পাপের তাপ তাকেও পোড়াবে। মায়ের এই পাপ স্বেচ্ছাকৃত–পরীর ওপর এক পরোক্ষ প্রতিশোধ গ্রহণ। সে ক্রমেই মানুষের প্রতি অবিশ্বাসী ক্ষিপ্ত ও যে কোন পুরুষ হৃদয়কে রক্তাক্ত করার জন্য উন্মত্ত হয়ে উঠে।[৩১]

মায়ের মতো তার পক্ষেও সম্ভব হলো না নির্দিষ্ট কোনো পুরুষের সাথে সংসার গড়ার। সুখেন্দু, রাজীব চৌধুরী বা তাকে কন্যা বলে সম্বোধন করে যে ইসাক চৌধুরী পরীর চোখে আজ সবাই সমান হয়ে যায়।

কিন্তু তার জানা হয়ে গেছে জগতের সকল পুরুষ এক। তাই শিল্পের ডালপালা যতই বিস্তার লাভ করুক না কেন ব্যক্তি পরীর মৃত্যু ঘটেছে বহু পূর্বেই। এরই মধ্যে অনিন্দ্য নিজেকে জড়িয়ে নিয়েছে সংসারজীবনে। পরী আর নিজেকে সামলাতে পারে না। অনিয়ম, আর মদ্যপান তাকে নিয়ে যায় ধ্বংসের শেষ প্রান্তে। জীবনের বেড়াজাল মুক্ত হয়ে সে চলে যেতে চায় অজানালোকে :

> ...আমি আর বাঁচতে চাই না।...আমি আর কষ্টের আগুন। নাচের সুরের আগুন–আসরের আগুন–আর বইবার পারিনা।...কবে আমার এই আসর পালা শেষ হবে। কোন দ্যাশে গিয়া ঠেকবে আসর–খোদার আরশের কাছে যাবে না। ঐ আকাশ ছুঁবোনা। নাকি কারো ছোঁয়–কারো ছোঁয়না।[৩২]

মনে পড়ে শাহামালের কথা – যে শাহামাল একদিন তাকে স্বপ্ন দেখিয়েছিল সুখী জীবনের, সে জনমে আর যাওয়া হলো না। তৃতীয় আর কোনো জনম যদি থাকে তবে হয়ত তা পূরণ করা সম্ভব। নিজেকে ধরে রাখার ক্ষমতা সম্পূর্ণরূপে হারিয়ে ফেলে সে। ঈশ্বরের দেওয়া এ জীবনকে সে নিরাপদে ফিরিয়ে দিতে পারেনি দেবদূতের কাছে। তাই সে অপরাধী। স্বর্গে তার স্থান নেই। এ পৃথিবীতেও যার কোথাও স্থান হলো না, তার স্থান হবে নরকে যেখানে তার মায়ের মতো, অনিন্দ্যের মতো সুখী মানুষেরা নেই। দুঃখ পাওয়ার মতো তবে কিছু নেই থাকবে কেবল দহন। সে দহন হয়ত এ জীবনযন্ত্রণার চেয়ে ভয়াবহ নয়। তাই জীবনের এ আঙিনা ছেড়ে তাকে যেতে হবে – শিল্পের বাঁধন ছিঁড়ে স্বরূপের সন্ধানে। নাট্যকার পরীর আত্মহত্যার বিবরণ সাজিয়েছেন রূপকথার ভাষায় :

> কচি শ্যামল পাতার ফিকে সবুজ রঙে ভরেছে মধ্যরাত্রির বনস্থলী। বিষপানের পর শরীরে সাপের আঁশ গজাতে থাকে। অবাক বিস্ময়ে দেখে বন জুড়ে বাড়তে বাড়তে সে এক বিশাল অজগর হয়ে গেছে। সবুজ পাইথন। তারপর বন বেষ্টন করে কুণ্ডলী পাকিয়ে উঠে–বনের মাথায় ফণা ধরে। তখন বসন্ত কালের চাঁদে খানিক বসন্ত বর্ণ। সে সবুজ পাইথন অসমাপ্ত চাঁদটি খপ করে গিলে ফেলে। পরীর জন্মের দেবদূত নীরবে চোখ মোছেন।[৩৩]

পরিশেষে বলা যায়, বর্ণনারীতিকে অবলম্বন করে সেলিম আল দীনের প্রথম নাটক *চাকা* দ্বিতীয় নাটক *যৈবতী কন্যার মন* তৃতীয় নাটক *হরগজ*। দুইখণ্ডে বর্ণিত *যৈবতী কন্যার মন* নাটকটিতে কালিন্দী তথা পরীর দুই জনমের কাহিনি বর্ণনা করেছেন নাট্যকার। প্রথম খণ্ডের শুরুতে কাহিনির ধারাবাহিকতায় না এনে প্রথম মৃত্যুর পরের অংশ থেকে শুরু করেছেন লেখক। এরপর সময়কালকে মিলিয়ে দিয়েছেন। গদ্য ও পদ্যের মিশ্রণে ভাষার ক্ষেত্রেও যে তিনি অভেদ রূপের প্রয়োগ করেছেন :

> আমি তাই কথানাট্যের ভাষারীতিতে গদ্য ও পদ্যকে অভেদাত্মা করার প্রয়াসী। আমার ভাষা-চৈতন্যে গদ্য-পদ্যের ভেদ অবলুপ্ত। গদ্য যখন কাজের ভাষা তখন তা গদ্যই। কিন্তু যখন তা লেখকের আঙ্গুলে চলে আসে তখন সে সৃষ্টিশীলতার ঘাট ছুঁয়েই আসে।[৩৪]

নাটকটির প্রথম অংশে কালিন্দী ও আলাল চরিত্রের মধ্য দিয়ে মঙ্গলকাব্যের সাথে গাজীপিরের কাহিনির একটি দ্বন্দ্ব দেখানোর চেষ্টা করেছেন নাট্যকার। বিশেষত দেশীয় সংস্কৃতির জায়গাটা কীভাবে ধর্মের আবরণে ঢাকা পড়ে তার একটি নিখুঁত চিত্র দেখানোর চেষ্টা করেছেন তিনি। একই সাথে হিন্দু মুসলিম দ্বন্দ্ব, প্রেমের জন্য নারীর আত্মত্যাগ, সর্বস্ব বিসর্জন ও শিল্পের মধ্যে বেঁচে থাকার প্রেরণা – সবই নির্দ্বিধায় বলে গেছেন তিনি। সেলিম আল দীন বাঙালি নারীর প্রেমে অবিচলতা, নিষ্ঠা ও আন্তরিকতার ছবি এঁকেছেন। কালিন্দী তাই নারী হয়ে প্রেমের জন্য যতখানি পেরেছে সমাজ সংসারকে বিসর্জন দিতে আলালের পক্ষে দারিদ্র্যের কষাঘাতে জীবনকে মেনে নিয়ে প্রেমের জন্য সর্বস্ব ত্যাগ করা সম্ভব হয়নি। সেদিক থেকে বিচার করতে গেলে যৈবতী কন্যাই হয়ে উঠেছে এ নাটকের প্রাণ: 'প্রাকৃত জীবনের গন্ধমাখা এক নারী–পরী–শিল্পের ভেতর দিয়ে যে অহং তৈরি করল তা আত্মবিনাশী। শিল্প ও জীবনকে প্রায় একবিন্দুতে মেলাতে চেয়েছিল সে।'[৩৫]

মনে হয়। যদিও দ্বিতীয় খণ্ডের পরীর আত্মবিনাশের কারণ কেবল কামাল নয়। অনিন্দ্য ও মা মনিরা বেগম তার বিশ্বাসের পথে অন্তরায় হয়েছে। তবে আলালের চেয়ে কামাল এখানে অনেক বেশি ত্যাগী ভূমিকায় অবতীর্ণ। তার এ ত্যাগের মহিমাকে স্বীকার করে নিয়েও পরী তার সাথে সংসার ধর্ম পালনে সচেষ্ট হতে পারত। এতদসত্ত্বেও সে স্বাভাবিক জীবনে ফিরে যেতে পারেনি। পারেনি সে আশায় বাসা বাঁধতে। পারেনি শিল্প ও জীবনের সমন্বয় সাধন করতে।

তথ্যনির্দেশ

১। সাইমন জাকারিয়া (সম্পা.) *সেলিম আল দীন রচনাসমগ্র ৪*, মাওলা ব্রাদার্স, ঢাকা, ২০০৯, পৃ. ২৬৩
২। হারুন রশীদ, 'জন্মদিনের শ্রদ্ধাঞ্জলি, নাট্যাচার্য সেলিম আল দীন', *দৈনিক যুগান্তর*, ১৮ আগস্ট ২০১৯
৩। সেলিম আল দীন, প্রাগুক্ত, পৃ. ১৬৬
৪। ঐ
৫। ঐ
৬। ঐ
৭। ঐ
৮। ঐ, পৃ. ১৬৭
৯। ঐ, পৃ. ১৭৩
১০। ঐ, পৃ. ১৭০
১১। ফৌজিয়া খান, 'সেলিম আল দীনের *যৈবতী কন্যার মন*: দুই নামে দুই কায়া', সিরাজ সালেকীন (সম্পা.) *উলুখাগড়া*, ঢাকা, আগস্ট, ২০০৮ সংখ্যা, পৃ. ২২৩
১২। ঐ, পৃ. ২২৪
১৩। সেলিম আল দীন, প্রাগুক্ত, পৃ. ১৮৫
১৪। জাহিরুল ইসলাম, 'তাঁর শেকড় সন্ধান, নির্বাচিত লেখামালা, বিষয় : সেলিম আল দীন', *দৈনিক সমকাল*, ১৮ আগস্ট ২০১৭
১৫। সেলিম আল দীন, প্রাগুক্ত, পৃ. ১৯৪-৯৫
১৬। ঐ, পৃ. ১৯৬
১৭। লুৎফর রহমান, *বাংলা নাটক ও সেলিম আল দীনের নাটক*, নান্দনিক, ঢাকা, ২০১২, পৃ. ১৫
১৮। সেলিম আল দীন, প্রাগুক্ত, পৃ. ২০১
১৯। ঐ, পৃ. ২০৬
২০। ঐ, পৃ. ২০৭
২১। ঐ
২২। অনুপম হাসান, 'সেলিম আল দীন-এর নাটকে প্রান্তিক মানুষ ও সমাজ-জীবন', *থিয়েটারওয়ালা*, ২৪ সংখ্যা, সম্পাদনা : হাসান শাহরিয়ার, জানুয়ারি-জুন ২০০৮
২৩। সেলিম আল দীন, প্রাগুক্ত, পৃ. ২১০
২৪। ঐ, পৃ. ২১৩
২৫। ঐ
২৬। ঐ, পৃ. ২৪৮
২৭। ঐ, পৃ. ২৪৮-৪৯
২৮। ঐ, পৃ. ২৪৯
২৯। ঐ, পৃ. ২৫১
৩০। ঐ, পৃ. ২৫৩

৩১। ঐ, পৃ. ২৫৫
৩২। ঐ, পৃ. ২৫৭
৩৩। ঐ, পৃ. ২৫৮
৩৪। ঐ, পৃ. ২৬৩
৩৫। ঐ

CODE-SWITCHING AND DISTORTION OF BANGLA IN BANGLADESHI MEDIA

* Mohammad Shafiqur Rahman
** Md. Anisur Rahman

Abstract

The linguists are now very worried about the distorted form of Bangla used by a group of people of the country. They are seeking for the way of preserving the originality of the language. This study is one of the initiatives of preventing Bangla language from being distorted and polluted. This study is conducted over the people of Bangladeshi media to know how they speak, how they pronounce Bangla words, and why and how they distort the language. The opinion of the common people about them was taken while the research was conducted. Data of this research comes from three sources: the questionnaire, the interviews, and the audio recorded speech of different people of different media. The study tries to find out the causes of code-switching and its effect in our practical life. It also tries to find out what distortion is, what the causes of distortion of language are, and what the effects of it on our language are, etc.

Keywords: *Code, code-switching, distortion of language, Bangladeshi media, etc.*

1. Introduction

Ekushey is a perennial reminder to us of the values we live by as a nation. These are values we had asserted heroically in February 1952 through the spirited defense of our language when it came under threat. Six decades later, now it is time we sat back and pondered over the rampant distortion of our mother tongue by some quarters in the name of code-switching. These 'influential' quarters claim that colloquial language is being used on our TV and film media in order to portray the true picture of the language and the way it is practised by this generation. It has also nothing to do with maligning the authentic and unadulterated form of Bangla (Promito Bangla). Some cultural personalities vehemently protest their eventual motive to demean Bangla language.

Linguistic purists are often disdainful of languages getting mixed up with one another producing some crass hybrid that goes neither here nor there. Many who have been educated in the English Medium have a handicap when it comes to

* **Mohammad Shafiqur Rahman**
Associate Professor, Department of English, Dhaka Commerce College

** **Md. Anisur Rahman**
Assistant Professor, Department of English, Principal Kazi Faruky School and College

speaking pure, proper Bangla and have a tendency to insert English words while speaking Bangla. The purists visibly bristle and cringe every time they hear things like *'Amar kharap habit je ami Bangla English mix kore pheli'* (I have a bad habit of mixing Bangla and English when I speak).

Of course, nothing can be more jarring to the ears than the strange lingo of radio jockeys (RJs): 'Listeners, *ebar akta fatafati song shonabo* that I know you're gonna like. So *shonge thakun'*. While it may sound unrefined and upstartish and although many such 'offenders' (except the RJs) are quite embarrassed yet helpless, because of this deficiency, the purists could be a little less judgmental.

When we tune to Radio Foorti, Radio Today or any other radio and TV stations we can listen to some alien forms of Bangla. It is in fact Bangla with an admixture of English. We might call it with the portmanteau 'Banglish' (Bangla+English) or 'Engla' (English+Bangla). In FM channels, we actually hear Bangla sentences with unnecessary mixture of too many English words uttered in a laughably Anglicized and childishly artificial manner. This sort of use of language, no doubt, distorts and pollutes the purity of any language.

1.2. Code, Code-Switching and Distortion of Language

In this study, code will be taken as a verbal component that can be as small as a morpheme or as comprehensive and complex as the entire system of language. As such, Bangla language is a code, so also is its single morpheme.

Code-switching is a linguistics term that basically means switching back and forth between two or more languages in the course of a conversation. It can also refer to the ability to switch languages or dialects quickly from one conversation to the next depending on the situation or conversation partner. For example, a child who has an English-speaking mother and a Japanese-speaking father may speak only English with the mother and only Japanese with the father even though they all speak both languages and are all participating in the same conversation. There are a few different ways that code-switching can occur in a conversation. It can happen from one sentence to the next, within a sentence from phrase to phrase, or one word at a time (Bokamba, 1989).

According to Oxford Advanced Learner's Dictionary distortion means to change the shape, appearance or sound of something so that it is strange or not clear: the loudspeaker seemed to distort his voice. In other words, distortion means to twist or change facts, ideas, etc., so that they are no longer correct or true: newspapers are often guilty of distorting the truth. The definition is also applicable for defining distortion of language. In this study, distortion of language means to change the shape, appearance, or sound of any language to achieve a certain purpose. It may occur intentionally or unconsciously. The main focus of the study is distortion of Bangla language. Now-a-days, Bangla language is being distorted in many ways by media personnel and reputed institutions.

1.3. Research Questions

The research questions of this study are

a. What are the reasons and purposes of code-switching?
b. Is Bangla being distorted by code-switching?
c. Are the Bangladeshi media responsible for the distortion of Bangla?
d. How do the Bangladeshi media distort the purity of Bangla by code-switching?

2. Literature Review

Language experts across the globe have investigated in their experiments the causes, functions, characteristics, and the effects of code-switching and code-mixing. Such investigations on the causes of the phenomena, for instance, have revealed sociolinguistic and psycholinguistic factors. One is bilingualism or language contact that results "in lexical borrowings and mixture of English and vernacular expression" in the speech of West African bilinguals (Ansre, 1971; Bamgbose, 1971; Cheng & Butler, 1989). Some are status, integrity, self-pride, comfortability, and prestige (Akere, 1977; Bokamba, 1989; Hymes, 1962; Kachru, 1989; Kamwangamalu, 1989). Other causes include modernisation, westernization, efficiency, professionalism, and social advancement (Kachru, 1989; Kamwangamalu, 1989). According to these scholars, some of the functions of code-switching and code-mixing are intra-group identity (Gumperz, 1982), poetic creativity (Kachru, 1989), and the expression of modernisation (Kamwangamalu, 1989).

Code-switching, which may be defined as the alternation between two or more languages in a speaker's speech, occurs naturally in the scheme of bilingualism. Studies have reported that code-switching often happened subconsciously, for 'people may not be aware that they have switched, or be able to report, following a conversation, which code they used for a particular topic' (Wardaugh, 1998, p. 103).

Although bilingual speakers claim that code-switching is an unconscious behavior, research has also shown that it is not a random phenomenon. "Sociolinguistics who have studied code-switching draw attention to extra-linguistic factors such as topic, setting, relationships between participants, community norms and values, and societal, political and ideological developments influencing speakers' choice of language in conversation" (Li Wei, 1998, p. 156).

While the nature of code-switching is spontaneous and subconscious, previous studies reported that it is actually used as a communicative device depending on the switcher's communicative intents (Tay, 1989; Myers-Scotton, 1995, Adendorff, 1996). Speakers use switching strategies to organize, enhance, and enrich their speech in order to achieve their communicative objectives.

Studies have also shown that speakers code-switch to reiterate or emphasize a point (Gal, 1979). By repeating the same point in another language, the speaker is stressing or adding more point on the topic of discussion. In addition, code-switching is also used for different pragmatic reasons, depending on the communicative intent of the speakers such as a mitigating and aggravating message (Koziol, 2000), effective production (Azhar & Bahiyah, 1994), distancing strategy (David, 1999), etc.

Studies on code-switching have moved from the notion that the switching behavior is a compensation for linguistic deficiency in bilingual speakers (Adendorff, 1996; Myers-Scotton, 1995). Code-switching is seen as 'functionally motivated' behavior (Adendorff, 1996, p. 389). Being a multilingual country, this sociolinguistic phenomenon is very common in Bangladeshi speakers' speech. Studies have shown that it occurs in both formal and informal contexts of communication and has become a normal verbal mode among Bangla-English bilinguals (Jacobson, 2004). If code-switching is functionally motivated, a study that investigates the functions of code-switching occurring in Bangladeshi bilinguals' communication will be meaningful toward the understanding of this phenomenon. This paper examines how code-switching is employed in achieving one's communicative intent in Bangla-English bilingual conversations during speaking in different media.

People are usually required to select a particular code whenever they choose to speak, and they may also decide to switch from one code to another or to mix codes even within sometimes very short utterances and thereby create a new code. Furthermore, as Gal (1988, p 247) says, "code-switching is a conversational strategy used to establish, cross or destroy group boundaries: to create, evoke or change interpersonal relations with their rights and obligations."

3. Research Framework

Research framework includes research subjects, research methodology, data collectioin, data analyzing process, and research sample.

3.1. Research Subjects

The subjects of this research are the listeners of different FM stations and the viewers of different TV channels. They expressed their opinions voluntarily. They are able to explain the topic of the research in quite an excellent manner.

3.2. Research Methodology

For conducting the research, both quantitative and qualitative methods are applied.

3.2.1. Data Collection, Data Analyzing Process and Research Sample

The data from this study came from three sources: a questionnaire, recorded speeches of some radio jockeys (RJ) and hosts and guests of TV channels (see Appendix 1), and interviews taken from different people of different professions including students, teachers, etc. The sample of this study is 60 for the questionnaire and 10 for the interviews. Finally, both quantitative and qualitative methods have been applied to conduct the research.

4. Results and Discussion of the Findings

The results and discussion of the findings are presented below:

4.1. Results and Discussions of the Findings of the Quantitative Data

Statement	1	2	3	4	5
1. People mix English with Bangla due to lack of awareness.	16.67%	50%	16.67%	11.67%	5%
2. Code-switching pollutes Bangla language.	41.67%	50%	0%	3.33%	5%
3. Now-a-days different mass media use distorted Bangla?	60%	30%	8.33%	1.67%	0%
4. Do you think that all mass media must use standard Bangla?	48.33%	29.67%	2%	20%	0%
5. Code-switching is a threat for Bangla language.	10%	11.67%	38.33%	31.67%	8.33%
6. To remove Banglish tendency from media government must make law?	41.67%	50%	0%	3.33%	5%
7. Deep devotion and love in mother tongue can protect Bangla language from distortion.	48.33%	43.33%	0%	5%	3.33%
8. Language pollution' is worse than 'river pollution.	23.33%	66.67%	1.67%	5%	3.33%
9. The people who are using improper language in electronic media are misdirecting the new generation.	8.33%	76.67%	5%	8.33%	1.67%
10. Radio and TV stations can win the hearts of the listeners by only emphasizing on 'Suddho (standard) Bangla.	71.67%	18.33%	0%	6.67%	3.33%

Table 1: Findings of the Quantitative Data

It can be seen from Table 1 that in response to Question 1, 66.67% respondents agree that people mix English with Bangla due to lack of awareness. In Question-2, nearly 91.67% opine that code-switching pollutes Bangla language. About 90% participants state that different mass media use distorted Bangla whereas approximately 80% respondents agree that all mass media must use standard Bangla. Although people state code-switching as a pollutant, most of the participants do not take it as a threat for Bangla. It is also found from Table-1 that about 91.67% respondents want government's intervention to stop language

pollution and distortion. Similarly, 91.66% participants want to emphasize on deep devotion and love in mother tongue to protect Bangla language from distortion. Besides, 85% participants opine that the people who are using improper language in electronic media are misdirecting the new generation. Moreover, most of the participants desire the use of standard language in all mass media powerul to influence people.

4.2. Result and Discussion of the Findings of the Qualitative Data

The researchers conducted this research listening to the people engaged in different professions in Bangladeshi media. The speeches were recorded and transcribed (see Appendix 1). Then the researchers read the data carefully, identified the key issues in them, and obtained the following findings:

4.2.1. Findings from the Interviews

In the interviews, the interviewees were asked to know about the causes of the rapid and massive expansion of the tendency of mixing English with Bangla. Interviewees said that it is a side effect of globalization of English language. Now-a-days all classes of people are being exposed to the world media through satellite channels, which predominantly use English as the medium of communication. Another cause is that the people who read in English medium schools cannot speak Bangla properly. Students of English medium schools speak English mixed with Bangla. They speak English all day, read English all day, and for this reason they cannot learn Bangla properly. They mix English with Bangla when they speak with friends or others. Another reason is that our young generations are listening to radio and watching TV and try to follow them. Basically these are the causes of its rapid expansion though there are many other causes. Besides, other people use Banglish as a stylish language.

